# তিস্তা সেতুতে মহড়ায় বিএসএফ

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** নেপালের সাম্প্রতিক পরিস্থিতিতে জঙ্গিরা উত্তরবঙ্গের নেপাল সীমান্ত দিয়ে অনুপ্রবেশ করতে পারে। ঘটাতে পারে নাশকতা। এই আশঙ্কা থেকে উত্তর-পূর্ব ভারতের যোগাযোগের গুরুত্বপূর্ণ তিস্তা সেতুতে মহড়া দিলেন বিএসএফ জওয়ানরা। কোনও নাশকতামূলক ঘটনা ঘটার আগে বা পরে কীভাবে এই গুরুত্বপূর্ণ সড়কসেতুকে নিজেদের কবজায় রেখে সুরক্ষা ব্যবস্থা নিতে পারবে, সেটা পরখ করতে শুক্রবারের মহড়া। নাশকতা মোকাবিলায় বিএসএফের পাশে থেকে কীভাবে সহযোগিতা করতে হবে, সেটা বুঝে নিতে জেলা স্বাস্থ্য, দমকল বিভাগের কর্মীরাও ছিলেন ঘটনাস্থলে।

ভারত-নেপাল সীমান্তে এসএসবি মোতায়েন রয়েছে। ভারত-বাংলাদেশ সীমান্তে মোতায়েন রয়েছে বিএসএফ। তিস্তার মতো আরও কয়েকটি গুরুত্বপূর্ণ সেতু, যেমন, সেবক করোনেশন সেতু সহ ডুয়ার্সের কয়েকটি সেতুও নজরে রয়েছে আধাসামরিক বাহিনীর।

কয়েকদিন ধরে প্রতিবেশী নেপালে অগ্নিগর্ভ পরিস্থিতি। সেই সুযোগে জেল ভেঙে জঙ্গিরা পালিয়েছে বলে জানা গিয়েছে। তারা সীমান্ত পার করে ভারতে ঢুকে নাশকতামূলক কার্যকলাপ ঘটাতে পারে, এমন আশঙ্কাকে উড়িয়ে দিচ্ছে না রাজ্য ও কেন্দ্রীয় গোয়েন্দারা। সে কারণে বিমান পরিষেবার পাশাপাশি সড়ক পরিষেবা চালু হয়েছে কড়া নিরাপত্তার মধ্যে। তারপরও কোনওরকম ঝুঁকি নিতে চাইছে না ভারতের আধাসামরিক বাহিনী। সেই উদ্দেশ্যেই এদিনের মহড়া।

এদিন বিএসএফ জওয়ানদের দেখা যায় অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র নিয়ে জলপাইগুড়ি শহরতলির তিস্তা সড়কসেতুর নীচে ও রেলসেতুর কাছাকাছি মহড়া দিতে। আগ্নেয়াস্ত্র নিয়ে কীভাবে সেতুতে যে কোনও কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হবে? কাউন্টার অ্যাটাক করা, সেতুকে কড়া নজরদারির মধ্যে রেখে পাহারা দেওয়া ইত্যাদি বিষয়গুলো ঝালিয়ে নেওয়া হয়েছে। সেইসঙ্গে কেউ আহত হলে তাঁকে বা তাঁদের উদ্ধার করারও মহড়া দেওয়া হয়েছে।

জেলা স্বাস্থ্য দপ্তরের মেডিকেল টিম যুদ্ধকালীন পরিস্থিতিতে কীভাবে কাজ করবে? অগ্নিকাণ্ড বা অন্য কোনও কারণে আগুন ধরলে কী করণীয়, সেটাও দমকলকর্মীদের হাতেকলমে দেখানো হয়। রেল এবং সড়কপথে যোগাযোগের দিক থেকে সেবকের করোনেশন কিংবা তিস্তা সেতুর গুরুত্ব অনেক। তাই সেখানকার নিরাপত্তা নিয়ে কোনও ঝুঁকি নিতে চাইছেন না জওয়ানরা। জলপাইগুড়ি মেডিকেল কলেজের সহকারী সুপার নিতীন পাল বললেন, 'স্ট্র্যাটেজিক পয়েন্ট অফ ভিউ থেকে নেপালের সাম্প্রতিক পরিস্থিতির উপর নজর রেখে এদিনের মহড়ার আয়োজন করা হয়েছে।'

# বাঁচুন, বাঁচতে দিন

## আত্মহত্যার সংখ্যা কমাতে 'সুইসাইড গেটকিপার ট্রেনিং'

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** দিন-দিন বাড়ছে আত্মহত্যার প্রবণতা, যা যথেষ্টই উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে চিকিৎসকদের কাছে। দেশজুড়ে বিশেষজ্ঞদের সমীক্ষার রিপোর্ট বলছে, তরুণ-তরুণী এবং প্রবীণদের মধ্যেই আত্মহত্যার ঘটনা সবথেকে বেশি। আত্মহত্যা রুখতে কী ধরনের সতর্কতা অবলম্বন করা দরকার, সেই বিষয়ে শুক্রবার জলপাইগুড়ি মেডিকেল কলেজে কর্মশালা হল। জলপাইগুড়ি সরকারি নার্সিং ট্রেনিং ইনস্টিটিউশনের ছাত্রী এবং মেডিকেল কলেজের পড়ুয়াদের নিয়ে কর্মশালা করে মেডিকেল কলেজের মনোরোগ বিভাগ।

জলপাইগুড়ি মেডিকেল কলেজে ফরেন্সিক সায়েন্স বিভাগের তথ্য অনুযায়ী, মাসে ময়নাতদন্তের জন্য ৩০ থেকে ৪০টি মৃতদেহ আসে, যাঁদের অনেকেই আত্মহত্যা করেছেন। পরিসংখ্যান বলছে, আত্মহত্যার সবথেকে বেশি ঘটনা ঘটেছে ১৫ থেকে ২৯ বছর বয়সিদের মধ্যে এবং ৬৫ বছরের ঊর্ধ্বে প্রবীণদের মধ্যে। দেশজুড়ে আত্মহত্যার প্রবণতা বেশি প্রবীণদের মধ্যে। আত্মহত্যার ঘটনা কমাতে চিকিৎসার পরিভাষায় ইংরেজিতে একটি কথা রয়েছে, 'সুইসাইড গেটকিপার ট্রেনিং'। যার মানে দাঁড়ায় যিনি আত্মহত্যা করতে যাচ্ছেন তাঁকে বাঁচানোর প্রশিক্ষণ। কিন্তু কে এই গেটকিপার? বিশেষজ্ঞরা বলছেন, এখানে গেটকিপার সমাজের প্রতিটি স্তরের প্রতিটি মানুষ। সবাইকে যেহেতু আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া সম্ভব নয়, সেকারণে স্কুল-কলেজগুলোকে কর্মশালার জন্য বেছে নেওয়া হয়েছে। জানা গিয়েছে, ১০ থেকে ১৬ সেপ্টেম্বর জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সুইসাইড গেটকিপার বিষয়ে প্রশিক্ষণ দেবেন জলপাইগুড়ি মনোরোগ বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকরা। বিশেষজ্ঞরা বলছেন, নতুন প্রজন্মের আত্মহত্যার প্রবণতা বাড়ার পেছনে সমাজমাধ্যমের কিছু খারাপ প্রভাব রয়েছে। অন্যদিকে, আগে একান্নবর্তী পরিবারে প্রবীণদের শেষ জীবনে দেখাশোনা করার জন্য ছেলেমেয়ে এবং অন্য সদস্যরা থাকতেন। এখন পরিবারগুলো ছোট হয়ে যাওয়ায় প্রবীণরা তাঁদের শেষ জীবনে একাকিত্বে ভোগেন। এর ফলে অনেকেই মনোরোগগ্রস্ত হয়ে পড়ছেন। এটাই পরবর্তীতে আত্মহত্যার কারণ হয়ে দাঁড়াচ্ছে।



ছবি : এআই

জলপাইগুড়ি মেডিকেল কলেজের মনোরোগ বিভাগের প্রধান চিকিৎসক অনির্বাণ বলেন, 'অধিকাংশ ক্ষেত্রে লক্ষ করা গিয়েছে, আত্মহত্যার ঘটনার কিছুদিন আগে ওই ব্যক্তি তাঁর নিকটতম কাউকে তাঁর মানসিক অবসাদ নিয়ে কিছু বলেছিলেন। সেই মুহূর্তে হয়তো ওই ব্যক্তি তাঁর কথাগুলো বুঝে উঠতে পারেননি বা তেমন গুরুত্বই দেননি। কিন্তু ঘটনার পর দেখা গিয়েছে আফসোসের সীমা থাকছে না। গেটকিপার ট্রেনিংয়ে এই বিষয়গুলো নিয়েই আলোচনা করা হচ্ছে।'



রেডব্যাংক বাগানের চা শ্রমিকদের বিক্ষোভে শামিল বার্সেলোনার একটি পরিবার। শুক্রবার। ছবি : শুভজিৎ দত্ত

# শেষরক্ষা হল না সাত্তা'র, বাবা'র খোঁজে পুলিশ

## সোনার দোকানে ডাকাতি, পাকড়াও ৪

**শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর :** একাধিকবার বিহারের হাজিপুরের ভাড়াবাড়িতে গিয়ে তল্লাশি চালিয়েছে পুলিশ। কিছুতেই নাগালে না আসায় হাল ছাড়তে বসেছিল পুলিশ প্রশাসনও। যদিও চলতি সপ্তাহে পুলিশের কাছে খবর আসে, ওই দাগি আসামি ভাড়ার ওই বাড়িতে এসেছেন। দ্রুত অভিযান চালিয়ে গতকাল বিহার থেকে গ্রেপ্তার করা হয় রোহিতকুমার সিং ওরফে সাত্তাকে। বিহারের হাজিপুরের দুই সোনা ব্যবসায়ী অলোক কুমার ও শুভম কুমারকেও গ্রেপ্তার করেছে পুলিশ। উত্তরপ্রদেশের কাশগঞ্জ থেকে গ্রেপ্তার হওয়া রাজনিশ কুমার ওরফে সোনুকেও এই তিনজনের সঙ্গে শুক্রবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। ধৃতদের মধ্যে সাত্তা সহ দুই সোনা ব্যবসায়ীকে পাঁচদিনের পুলিশ হেপাজতে নিয়েছেন তদন্তকারী পুলিশকর্তারা। সোনুর জেল হেপাজত হয়েছে।

এই 'সাত্তা' সঞ্জয় দত্ত অভিনীত চরিত্র নন, বিহারের হাজিপুরের এই দুষ্কৃতী হিলকার্ট রোডে সোনার দোকানে ডাকাতির ঘটনার মাস্টারমাইন্ড। ঘটনার পেছনে থাকা বিহারের বাহুবলী রাজনীতিবিদের সঙ্গে শহর শিলিগুড়িতে ডাকাতির ঘটনার পরিকল্পনা করেছিলেন এই দুষ্কৃতীই। পরিকল্পনা বাস্তবায়নে মুখ্য ভূমিকা নিয়েছিলেন বাবা, সোনু, মহম্মদ আসাদ ও ইমরান রাজা।

হিলকার্ট রোডের ঘটনার পর একে একে গ্রেপ্তার হতে থাকা মহম্মদ সামশাদ, সাফিক খানদের জেরার সময় বারবার উঠে এসেছিল সাত্তা-র নাম। পুলিশ সূত্রে খবর, ডাকাতির আগে দুষ্কৃতীদের জমায়েত কেন্দ্র বিধাননগরের ভাড়াবাড়িতেও এসেছিলেন সাত্তা। বিহারের হাজিপুরের এই বাসিন্দার বিহার ও উত্তরপ্রদেশে একাধিক ডাকাতির ঘটনার সঙ্গে নাম জড়িয়েছে। সুমিত কুমার ওরফে রাহুল ও বাবা ডাকাতি করার পর ব্যাগে সোনা নিয়ে সরাসরি চলে গিয়েছিলেন সাত্তার হাজিপুরের ভাড়াবাড়িতে। সেখানে তাঁরা সাত্তার কাছে ভাগের একটা বড় অংশ সোনা দেন। সাত্তা নিজের অংশে পাওয়া সোনার কিছুটা অংশ হাজিপুরেরই সোনা ব্যবসায়ী অলোক ও শুভমকে বিক্রি করেন। ওই দুই সোনা ব্যবসায়ীর কাছ থেকে ৫৫ গ্রাম সোনা ও ৩২ হাজার টাকা বাজেয়াপ্ত করেছে পুলিশ।

ভাইরাল ফুটেজেও সোনুকে আগ্নেয়াস্ত্র হাতে দোকানের ভেতর দাপাদাপি করতে দেখা গিয়েছিল। অপারেশনের পর সোনু উত্তরপ্রদেশ চলে গিয়েছিলেন। পুলিশের নজরে ধুলো দেওয়ার জন্য সেখান থেকে দিল্লিতেও যাতায়াত করছিলেন। আলিগড় জেলা ও দায়রা আদালতে তুলে বৃহস্পতিবার রাতে ট্রানজিট রিমান্ডে নিয়ে আসা হয় সোনুকে। রাহুলকেও মাসখানেক আগে কাশগঞ্জ থেকেই গ্রেপ্তার করেছিল শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ। সেখানে ঘরভাড়া নিয়ে সোনা ব্যবসায়ী শ্যাম সিং ও তাঁর মাকে অল্প অল্প করে ভাগে পাওয়া সোনা বিক্রি করছিলেন রাহুল। পুলিশ সূত্রে খবর, প্ল্যানিং বাস্তবায়নে অন্যতম মাথা বাবা এখন মূল টার্গেট পুলিশের। এবিষয়ে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলেন, 'সাত্তা-ই ছিল অপারেশনের মূল মাস্টারমাইন্ড। এখনও তদন্ত চলছে।'

**যা ঘটেছে**

- বৃহস্পতিবার বিহার থেকে গ্রেপ্তার হয় সাত্তা
- ধৃতর সঙ্গে বিহারের দুই সোনা ব্যবসায়ীকেও গ্রেপ্তার করা হয়
- দুই ব্যবসায়ীর থেকে ৫৫ গ্রাম সোনা ও ৩২ হাজার টাকা বাজেয়াপ্ত হয়েছে

## তৃণমূল নেতার বিরুদ্ধে সরব স্থানীয়রা

# সরকারি জমিতে প্লটিংয়ের অভিযোগ

**মহম্মদ হাসিম**

**নকশালবাড়ি, ১২ সেপ্টেম্বর :** নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতের খালপাড়া সংসদ এলাকায় সরকারি জমি দখল করে প্লটিং ও বিনা অনুমতিতে রাস্তার ধারের গাছ কাটার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের এক নেতার বিরুদ্ধে। মূলত ৯ বিঘা জমিকে কেন্দ্র করে বিতর্ক। স্থানীয়দের অভিযোগ, ওই জমির কিছু অংশ এশিয়ান হাইওয়ে-২ কর্তৃপক্ষের। অভিযুক্ত নেতার নাম বিরাজ সরকার। তিনি নকশালবাড়ি ব্লক তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি। পাশাপাশি নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষও বটে।

বিরাজের বিরুদ্ধে জাতীয় সড়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানিয়েছেন স্থানীয়রা। প্রশাসনিক পদে থাকা সত্ত্বেও তিনি কীভাবে অবৈধ কাজে শামিল হতে পারেন, তা নিয়ে তাঁরা প্রশ্ন তুলেছেন। বিরাজ যে এলাকায় জমি প্লটিং করছেন, তার পাশেই জমি রয়েছে গৌতম বাড়ৈয়ের। তিনি বলেন, 'জাতীয় সড়ক কর্তৃপক্ষের জায়গা দখল করে তৃণমূল নেতা কৃষিজমি প্লটিং করেছেন। বেআইনিভাবে রাস্তার পাশের গাছ কেটে ফেলা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানিয়েছি।'

তিনি আরও জানান, সরকারি জমি প্লটিং করলে অনেক কৃষক সমস্যায় পড়বেন। দীর্ঘদিন ওই এলাকার জমিগুলো ফাঁকা পড়ে ছিল। ধান চাষ করতেন এলাকার কৃষকরা। পাশাপাশি জলের নালা রয়েছে। হঠাৎ এক সপ্তাহ ধরে পুরো জমি প্লটিং চলছে বলে অভিযোগ। এশিয়ান হাইওয়ে-২'এর অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ডিরেক্টর দীপ সাহার বক্তব্য, 'এখনও অভিযোগ পাইনি। আমার কাছে অভিযোগপত্র জমা পড়লে খতিয়ে দেখে ব্যবস্থা নেব।'

অন্যদিকে, যাঁর বিরুদ্ধে অভিযোগের পাহাড়, সেই বিরাজকে একাধিকবার ফোন ও মেসেজ করা হলেও তিনি সাড়া দেননি। যে এলাকায় জমি প্লটিং হচ্ছে, ওই এলাকাটি নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান বিশ্বজিৎ ঘোষের সংসদ এলাকা। তিনি জানান, তাঁর কাছে এখনও পর্যন্ত কেউ অভিযোগ করেননি।

শান্তিনগর থেকে খালপাড়া সংসদ পর্যন্ত হাইওয়ের পাশে প্রচুর সরকারি জমি রয়েছে। যার অধিকাংশই এখন দখলের পথে। সম্প্রতি ওই এলাকায় জাতীয় সড়কের জমি দখল নিয়ে এশিয়ান হাইওয়ে-২ কর্তৃপক্ষের কাছে আরও একটি অভিযোগ জমা পড়েছিল। কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হয়নি বলে জানান স্থানীয়রা। ২০১৯ সালে রাস্তা সম্প্রসারণের জন্য কোটি কোটি টাকা ক্ষতিপূরণ দিয়ে জমি খালি করা হয়েছিল। কিন্তু জাতীয় সড়ক কর্তৃপক্ষের উদাসীনতায় ওই জমি পুনরায় দখল হয়ে একের পর এক বসতি তৈরি হচ্ছে বলেও স্থানীয়রা সরব হয়েছেন।



খালপাড়ার সংসদ এলাকায় গাছ কেটে চলছে জমি দখল।

# সাপের ছোবলে মৃত্যু কিশোরীর

**কালচিনি, ১২ সেপ্টেম্বর :** বিষধর সাপের ছোবলে মৃত্যু হল এক কিশোরীর। মৃতের নাম বন্ধনা মুন্ডা (১২)। বাড়ি কালচিনির গাঙ্গুটিয়া চা বাগানে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার গভীর রাতে বাড়িতে সাপ ছোবল মারে ওই কিশোরীকে। তড়িঘড়ি তাঁকে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। কালচিনি থানার পুলিশ কিশোরীর দেহ উদ্ধার করে। পুলিশ জানিয়েছে, শুক্রবার দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।

# অগ্নিকাণ্ড

**চোপড়া, ১২ সেপ্টেম্বর :** চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের দরিয়াগছ গ্রামে শুক্রবার দুটি ঘর পুড়েছে। সত্যনারায়ণ দাস নামে এক ব্যক্তির বাড়ির রান্নাঘর থেকে আগুন ছড়িয়ে পড়ে। স্থানীয়দের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আসে। ইসলামপুর থেকে একটি দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে গিয়েছিল।

# আহত শ্রমিক, প্রচার বাগানে

**শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর :** প্রায়ই কার্সিয়াং রেঞ্জের বিভিন্ন এলাকায় ঘুরে বেড়াতে দেখা যাচ্ছে চিতাবাঘকে। এলাকাবাসীদের মাইকিং করে সতর্ক করেছেন বনকর্মীরা। এরই মধ্যে বৃহস্পতিবার চিতাবাঘের আক্রমণে আহত হলেন চা বাগানের এক মহিলা শ্রমিক। ঘটনাটি ঘটেছে কার্সিয়াং বন বিভাগের কার্সিয়াং রেঞ্জের ক্যাসেলটন চা বাগানে। প্রাণে বেঁচে গিয়েছেন ২৭ বছরের ওই মহিলা। অন্যদিকে, শুক্রবার এলাকায় ঘুরে ঘুরে সতর্কতামূলক প্রচারের পাশাপাশি বিভিন্ন এলাকায় চকোলেট বোমা ফাটানো হয়।

মাসখানেক আগে বন দপ্তরের ট্র্যাপ ক্যামেরায় বিভিন্ন এলাকায় চিতাবাঘের আনাগোনা লক্ষ করা গিয়েছিল। তারপর থেকেই স্থানীয়দের বন দপ্তরের তরফে একাধিকবার সতর্ক করা হয়েছিল। তবে বৃহস্পতিবারের ঘটনার পর থেকে আবার এলাকায় আতঙ্ক দেখা যায়। বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টা নাগাদ নিশা রাই (২৭) নামে ওই শ্রমিক চা পাতা তুলছিলেন। সেই সময় বাগানে চিতাবাঘ দেখতে পান তিনি। তিনি পাশে থাকা একটি ছাতার নীচে আশ্রয় নেন। তার পরে চিতাবাঘটি তাঁর ওপরে ঝাঁপিয়ে পড়ে এবং মাথায় আঁচড় দেয়। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছান বনকর্মীরা। নিশাকে উদ্ধার করে কার্সিয়াং ব্লক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে আহত মহিলার চিকিৎসা চলছে। এখন তিনি ভালো আছেন, জানালেন কার্সিয়াং বন বিভাগের ডিএফও দেবেশ পান্ডে।

# বৈঠক

**চোপড়া, ১২ সেপ্টেম্বর :** চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের কালীগঞ্জ হাইস্কুলে শুক্রবার তৃণমূলের সংখ্যালঘু সেলের অঞ্চল কমিটির বৈঠক হয়েছে। সংগঠনের ব্লক সভাপতি জাহাঙ্গির আলম জানান, এদিনের বৈঠকে চুটিয়াখোরের অঞ্চল কমিটি ও বুথ সভাপতিদের নাম ঘোষণা করা হয়েছে।

রংদার কোলাজ



## পরনের সুতোয় সুবাস

শুধুই কি আর শিউলি ও ধূপধুনোর সুবাস মেখে পুজো আসে? আগমনীর বাতাস তো নতুন পোশাকেরও গন্ধ মাখা। হাটে কিংবা বড় দোকানে শত শত শাড়ির ভিড়ে পছন্দেরটা বেছে নেওয়ার আনন্দ ও গন্ধ একরকম। আবার শপিং মলের সুদৃশ্য ট্রায়াল রুমে শখের জামা বা কুর্তি পরে দেখার সময় অনেক ধরনের গন্ধ নাকে ধাক্কা মারে। আজকাল অনলাইন কেনাকাটার ধাক্কায় নতুন পোশাকের গন্ধ কি আর তেমনভাবে ভিন্ন অনুভূতি জাগায়? তিন লেখকের উপলব্ধি সাজানো রইল।

প্রচ্ছদ কাহিনী রণজিৎ দেব, অনিন্দিতা গুপ্ত রায় ও অগ্রদীপ দত্ত
ছোটগল্প সুজিত বন্দ্যোপাধ্যায়
ট্রাভেল ব্লগ শানু শুভঙ্কর চক্রবর্তী
কবিতা বিপুল আচার্য, গণেশচন্দ্র রায়, প্রশান্ত দেবনাথ, সুলগ্না বাগচী, উজ্জ্বল আচার্য, বিভা দাস ও আশিস সরকার


## নতুন রেল সেবার প্রবর্তন

রেল নং. ২৬৩০২/২৬৩০১ দানাপুর-যোগবানী-দানাপুর বন্দে ভারত এক্সপ্রেস (প্রতি সপ্তাহে ৬ দিন) এবং রেল নং. ১৫৭০১/১৫৭০২ কাটিহার-শিলিগুড়ি জংশন-কাটিহার এক্সপ্রেস (দৈনিক) এর নিয়মিত সেবা প্রবর্তন করার জন্যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং

আগামী ১৫-০৯-২০২৫ (সোমবার) এ আনুমানিক ১৫.৩০ ঘণ্টায় রেল নং. ০২৬৩১ ফরবেসগঞ্জ-দানাপুর বন্দে ভারত উদ্বোধনী বিশেষ, যোগবানী রেলওয়ে স্টেশন থেকে আগামী ১৫-০৯-২০২৫ (সোমবার) এ আনুমানিক ১৫.৩০ ঘণ্টায় রেল নং. ০৬৬০২ যোগবানী-ইরোড অমৃত ভারত উদ্বোধনী বিশেষ (ওয়ান ওয়ে) এবং আরারিয়া কোর্ট রেলওয়ে স্টেশন থেকে আগামী ১৫-০৯-২০২৫ (সোমবার) এ আনুমানিক ১৫.৩০ ঘণ্টায় রেল নং. ০৫৭০১ আরারিয়া কোর্ট-শিলিগুড়ি জংশন উদ্বোধনী বিশেষ রেলের শুভারম্ভ করা হবে। এই উদ্বোধনী বিশেষ এবং নিয়মিত রেলসেবা সমূহের সময়সূচী এবং স্টপেজ নিম্ন অনুসারে দেওয়া হলঃ

### উদ্বোধনী চলাচল

| ০২৬৩১ ফরবেসগঞ্জ-দানাপুর বন্দে ভারত উদ্বোধনী বিশেষ | | উদ্বোধনী চলাচলের তারিখ: ১৫-০৯-২০২৫ (সোমবার) ফরবেসগঞ্জ থেকে |
|---|---|---|
| স্টেশন | আগমন | প্রস্থান |
| ফরবেসগঞ্জ | — | ১৫.৩০ |
| আরারিয়া কোর্ট | ১৫.৫৫ | ১৫.৫৭ |
| পূর্ণিয়া জংশন (রিভারসেল) | ১৬.৫০ | ১৭.০০ |
| সহরসা (রিভারসেল) | ১৮.২০ | ১৮.৩০ |
| দানাপুর | ২৩.৪০ | — |

গঠন: বন্দে ভারত রেক = ৮ কার।
অন্যান্য বাণিজ্যিক স্টপেজসমূহ: বনমাখি, দৌরাম মাধেপুরা, খগড়িয়া, সলৌনা, হাসানপুর রোড, সমস্তিপুর, মুজাফফরপুর এবং হাজীপুর।

### নিয়মিত সেবা

রেল নং. ২৬৩০২ বন্দে ভারত এক্সপ্রেস দানাপুর থেকে ১৭-০৯-২০২৫ তারিখ থেকে কার্যকরি হওয়া (মঙ্গলবার ছাড়া)
রেল নং. ২৬৩০১ বন্দে ভারত এক্সপ্রেস যোগবানী থেকে ১৮-০৯-২০২৫ তারিখ থেকে কার্যকরি হওয়া (বুধবার ছাড়া)

| আগমন | প্রস্থান | স্টেশন | আগমন | প্রস্থান |
|---|---|---|---|---|
| — | ১৭.১০ | দানাপুর | ১১.৩০ | — |
| ২১.০০ | ২১.০২ | খগড়িয়া | ০৭.১৩ | ০৭.১৫ |
| ২৩.৪০ | ২৩.৫০ | পূর্ণিয়া জংশন (রিভারসেল) | ০৪.৫০ | ০৫.০০ |
| ০০.১৮ | ০০.২০ | আরারিয়া কোর্ট | ০৪.০০ | ০৪.০২ |
| ০০.৪৮ | ০০.৫০ | ফরবেসগঞ্জ | ০৩.৩৫ | ০৩.৩৭ |
| ০১.২০ | — | যোগবানী | — | ০৩.২৫ |

গঠন: গঠন: বন্দে ভারত রেক = ৮ কার।।
অন্যান্য বাণিজ্যিক স্টপেজসমূহ: হাজীপুর, মুজাফফরপুর, সমস্তীপুর, হাসানপুর রোড, সলৌনা, সহরসা (রিভারসেল), দৌরাম মাধেপুরা, বানমাখি।

### উদ্বোধনী চলাচল

| ০৬৬০২ যোগবানী - ইরোড অমৃত ভারত উদ্বোধনী বিশেষ | | | |
|---|---|---|---|
| স্টেশন | আগমন | প্রস্থান | দিন |
| যোগবানী | — | ১৫.৩০ | ১৫-০৯-২০২৫ (সোমবার) |
| ফরবেসগঞ্জ | ১৫.৪৪ | ১৫.৪৬ | |
| আরারিয়া কোর্ট | ১৬.০৯ | ১৬.১১ | |
| পূর্ণিয়া | ১৬.৪৫ | ১৬.৪৭ | |
| কাটিহার | ১৭.৪০ | ১৭.৫০ | |
| বারাউনি | ২১.৩০ | ২১.৪০ | |
| বক্সার | ০২.৩১ | ০২.৩৩ | ১৬-০৯-২০২৫ (মঙ্গলবার) |
| জব্বলপুর | ১৭.৪৫ | ১৭.৫৫ | |
| ইরোড | ০৭.২০ | — | ১৮-০৯-২০২৫ (বৃহস্পতিবার) |

গঠন: স্লীপার শ্রেণী- (আঁট), দ্বিতীয় শ্রেণী (নন এসি) - (এগারোটি), হট বাফেট কার (একটি), এলএসএলআরডি (দুটি) = ২২ টি কোচ।
অন্যান্য বাণিজ্যিক স্টপেজসমূহ: নওগাছিয়া, মানসি, খগড়িয়া, বেগুসরায়, শাহপুর পাটোরী, হাজীপুর, সোনপুর, পাটলিপুত্র, দানাপুর, আরা, রঘুনাথপুর, পণ্ডিত দীন দয়াল উপাধ্যায়, চুনার, বিন্ধ্যাচল, প্রয়াগরাজ ছিউকি, জাসরা, দাভৌরা, মানিকপুর, সাতনা, মাইহার, কাটনি, গদারওয়ারা, পিপারিয়া, ইটার্সি, ভুখারপুর, ঘোরাডোঙরি, বেতুল, নাগপুর, সেবাগ্রাম, চন্দ্রপুর, বালহারশাহ, মঞ্চেরিয়াল, ওয়ারাঙ্গল, খাম্মাম, বিজয়ওয়াড়া, ওঙ্গোল, গুদুর, নায়ুদুপেটা, পেরাম্বুর, আরাক্কোনাম, কাটপাডি, জোলারপেট্টাই জং., সালেম।

### উদ্বোধনী চলাচল

| ০৫৭০১ আরারিয়া কোর্ট- শিলিগুড়ি জংশন উদ্বোধনী বিশেষ | | উদ্বোধনী চলাচলের তারিখ: ১৫-০৯-২০২৫ (সোমবার) আরারিয়া কোর্ট থেকে |
|---|---|---|
| স্টেশন | আগমন | প্রস্থান |
| আরারিয়া কোর্ট | — | ১৫.৩০ |
| রহমতপুর | ১৫.৩৮ | ১৫.৪০ |
| বাঁসবাড়ি হল্ট | ১৫.৪৯ | ১৫.৫০ |
| খাওয়াসপুর | ১৫.৫৮ | ১৬.০০ |
| লক্ষ্মীপুর | ১৬.১০ | ১৬.১২ |
| বরধা হল্ট | ১৬.২৪ | ১৬.২৫ |
| কালিয়াগঞ্জ | ১৬.৩৫ | ১৬.৩৭ |
| তেরাগাছ | ১৬.৪৮ | ১৬.৪৯ |
| বিবিগঞ্জ | ১৬.৫৮ | ১৭.০০ |
| তুলসিয়া হল্ট | ১৭.১০ | ১৭.১১ |
| পাওয়াখালি | ১৭.২৫ | ১৭.২৭ |
| কাদোগাঁও হল্ট | ১৭.৩৮ | ১৭.৩৯ |
| ভোগডাবর হাল্ট | ১৭.৫০ | ১৭.৫১ |
| ঠাকুরগঞ্জ | ১৮.০৫ | ১৮.০৭ |
| গলগলিয়া | ১৮.২৪ | ১৮.২৫ |
| নক্সালবাড়ি | ১৮.৪৮ | ১৮.৫০ |
| বাগডোগরা | ১৯.১০ | ১৯.১২ |
| শিলিগুড়ি জংশন | ১৯.৪৫ | — |

গঠন: দ্বিতীয় শ্রেণী (নন এসি) - (আঁট), ব্রেক, লাগেজ কাম জেনেরেটর কার (একটি), এলএসএলআরডি- (একটি) = ১০ এলএইচবি কোচ

### নিয়মিত সেবা

রেল নং. ১৫৭০১ কাটিহার থেকে ১৭-০৯-২০২৫ তারিখে (দৈনিক)
রেল নং. ১৫৭০২ শিলিগুড়ি জংশন থেকে ১৬-০৯-২০২৫ তারিখে (দৈনিক)

| আগমন | প্রস্থান | স্টেশন | আগমন | প্রস্থান |
|---|---|---|---|---|
| — | ০৫.০০ | কাটিহার জংশন | ১৮.০৫ | — |
| ০৫.২৫ | ০৫.২৭ | পূর্ণিয়া জংশন | ১৭.০০ | ১৭.০২ |
| ০৫.৩৫ | ০৫.৩৭ | কাসবা | ১৬.৪৬ | ১৬.৪৮ |
| ০৫.৪৮ | ০৫.৫০ | জালালগড় | ১৬.৩৩ | ১৬.৩৫ |
| ০৬.১০ | ০৬.১২ | আরারিয়া কোর্ট | ১৬.১২ | ১৬.১৪ |
| ০৬.১৮ | ০৬.২০ | রহমতপুর | ১৬.০২ | ১৬.০৪ |
| ০৬.২৯ | ০৬.৩০ | বাঁসবাড়ি হল্ট | ১৫.৫২ | ১৫.৫৩ |
| ০৬.৩৮ | ০৬.৪০ | খাওয়াসপুর | ১৫.৪২ | ১৫.৪৪ |
| ০৬.৫০ | ০৬.৫২ | লক্ষ্মীপুর | ১৫.৩০ | ১৫.৩২ |
| ০৭.০৩ | ০৭.০৪ | বরধা হল্ট | ১৫.১৮ | ১৫.১৯ |
| ০৭.১৩ | ০৭.১৫ | কালিয়াগঞ্জ | ১৫.০৬ | ১৫.০৮ |
| ০৭.২৫ | ০৭.২৬ | তেরাগাছি | ১৪.৫৫ | ১৪.৫৬ |
| ০৭.৩৫ | ০৭.৩৭ | বিবিগঞ্জ | ১৪.৪৪ | ১৪.৪৬ |
| ০৭.৪৬ | ০৭.৪৭ | তুলসিয়া হল্ট | ১৪.৩৩ | ১৪.৩৪ |
| ০৭.৫৮ | ০৮.০০ | পাওয়াখালি | ১৪.১৮ | ১৪.২০ |
| ০৮.০৯ | ০৮.১০ | কাদোগাঁও হল্ট | ১৪.০৮ | ১৪.০৯ |
| ০৮.১৯ | ০৮.২০ | ভোগডাবর হল্ট | ১৩.৫৮ | ১৩.৫৯ |
| ০৮.২৬ | ০৮.২৮ | ঠাকুরগঞ্জ | ১৩.৫০ | ১৩.৫২ |
| ০৮.৪০ | ০৮.৪১ | গলগলিয়া | ১৩.৩৭ | ১৩.৩৮ |
| ০৯.০০ | ০৯.০২ | নক্সালবাড়ি | ১৩.১৪ | ১৩.১৬ |
| ০৯.২০ | ০৯.২২ | বাগডোগরা | ১২.৫৯ | ১৩.০১ |
| ১০.১৫ | — | শিলিগুড়ি জংশন | — | ১২.৪৫ |

গঠন: দ্বিতীয় শ্রেণী (নন এসি) - (আঁট), ব্রেক লাগেজ কাম জেনেরেটর কার (একটি), এলএসএলআরডি (একটি) = ১০ টি এলএইচবি কোচ।

মহাপ্রবন্ধক (অপারেশন)
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়

## সাধারণ সভার দাবি বিজেপির

**চালসা, ১২ সেপ্টেম্বর :** পুজোর আগে যৌথ বন সুরক্ষা কমিটির সাধারণ সভার মাধ্যমে কমিটি গঠন করে বন দপ্তরের শেয়ারের টাকা সকল সদস্যর মধ্যে সমানভাবে দেওয়ার দাবিতে সোচ্চার হল বিজেপি। এমনকি দ্রুত দাবি না মানা হলে আগামীতে বৃহত্তর আন্দোলনে নামা হবে বলেও হুমকি দিয়েছে বিজেপি নেতৃত্ব। ধূপঝোরা বিটের অন্তর্গত দক্ষিণ ধূপঝোরায় তিনটি যৌথ বন সুরক্ষা কমিটি রয়েছে। ২৯ অগাস্ট ওই তিন কমিটির মেয়াদ শেষ হয়ে গিয়েছে। সামনেই পুজো। তার আগে সাধারণ সভা ডেকে নতুন কমিটি গঠন করে বন দপ্তরের টাকা সকলকে দেওয়ার দাবিতে সোচ্চার বিজেপি। বিষয়টি ইতিমধ্যেই ধূপঝোরা বিট অফিসারকে জানানো হয়েছে বলে বিজেপি নেতারা জানিয়েছেন।

বিজেপির জলপাইগুড়ি জেলা নেতা মজনুল হক বলেন, 'পুজোর আগে সাধারণ সভা করে সাধারণ মানুষের টাকা সকলকে সমানভাবে বিতরণ করতে হবে। যেহেতু ১০০ দিনের কাজ বন্ধ রয়েছে এবং সামনে দুর্গাপুজো আসছে, তাই ওই টাকা মানুষের হাতে পৌঁছে দেওয়া অত্যন্ত জরুরি।' অন্যদিকে এনিয়ে ধূপঝোরার বিট অফিসার জীবন বিশ্বকর্মা বলেন, 'সাধারণ সভার দিন আলোচনা করে ঠিক করার কথা। তিনটি কমিটির সদস্যদেরই বিষয়টি জানানো হয়েছে।'

## বেআইনি মদ বাজেয়াপ্ত

**ময়নাগুড়ি, ১২ সেপ্টেম্বর :** হোটেলে রমরমিয়ে চলছিল দেশি ও বিদেশি মদ বিক্রির কারবার। গোপন সূত্রে খবর পেয়ে ময়নাগুড়ি থানার পুলিশ অভিযান চালিয়ে ১৯ বোতল দেশি ও বিদেশি মদ উদ্ধার করেছে। হোটেলের এক কর্মচারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার রাতে ময়নাগুড়ি ব্লকের রামশাই গ্রাম পঞ্চায়েত এলাকার পানবাড়ি বাজারের ঘটনা। ১৫ বোতল বিয়ার ও ৪ বোতল বিদেশি মদ উদ্ধার করে পুলিশ। সেই সময় হোটেলে আরও কয়েকজন ছিলেন বলে জানা গিয়েছে। পুলিশ অভিযান চালাতেই তাঁরা পালিয়ে যান। গোটা ব্লকজুড়ে বেআইনি মদ বিক্রির বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে বলে এদিন জানিয়েছে পুলিশ।

## আহত ৭ পড়ুয়া

**বানারহাট, ১২ সেপ্টেম্বর :** বানারহাটের গ্যান্দ্রাপাড়া চা বাগান সংলগ্ন শালবনীতে বানারহাট-তোতাপাড়া রাজ্য সড়কে শুক্রবার টোটো ও ট্র্যাক্টরের সংঘর্ষে ৭ জন পড়ুয়া আহত হয়। এদিন গ্যান্দ্রাপাড়া চা বাগান থেকে টোটোতে চেপে বেশ কিছু পড়ুয়া কলাবাড়ি এলাকার একটি বেসরকারি স্কুলে যাচ্ছিল। সেই সময় চা বাগানেরই দুটি ট্র্যাক্টর নিজেদের মধ্যে রেষারেষি করে দ্রুতগতিতে টোটোটিকে পাশ কাটিয়ে যাওয়ার সময় একটি ট্র্যাক্টরের পেছনে লাগানো ট্রলির ধাক্কায় টোটোটি উলটে যাওয়ায় পড়ুয়ারা আহত হয়। স্থানীয়রা তাদের উদ্ধার করে বানারহাট হাসপাতালে নিয়ে যান। প্রাথমিক চিকিৎসার পর তাদের সকলকেই ছেড়ে দেওয়া হয়।

## দেহ উদ্ধার

**ক্রান্তি, ১২ সেপ্টেম্বর :** ক্রান্তি ব্লকের চাপাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতে ৮ নম্বর স্পারে এক নিখোঁজ মহিলার দেহ উদ্ধার হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে। মৃতার নাম মনমায়া সন্ন্যাসী (৪২)। বাড়ি মাল ব্লকের বাগ্রাকোট চা বাগান লাইনে। এই মাসের ৯ তারিখ থেকে ওই মহিলা নিখোঁজ ছিলেন। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি সদর হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## দুই সপ্তাহের মধ্যে ৩টি চিতাবাঘ খাঁচাবন্দি

# বুনোর আতঙ্ক কাটেনি

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ১২ সেপ্টেম্বর :** চিতাবাঘের উপদ্রব থামার কোনও লক্ষণই নেই নাগরাকাটার আংরাভাসা এলাকায়। এবার আতঙ্ক দেখা দিয়েছে আংরাভাসা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের জলঢাকা-আলতাডাঙ্গা চা বাগানে। সম্প্রতি সেখানকার স্থানীয়দের বেশ কয়েকটি ছাগল চিতাবাঘ তুলে নিয়ে যায়। এরপর বৃহস্পতিবার সন্ধ্যায় ছাগলের টোপ দিয়ে বাগানের শিমুলবাড়ি সেকশনে খাঁচা পাতা হয়। কয়েক ঘণ্টার মধ্যেই একটি মর্দা চিতাবাঘ সেখানে ধরা পড়ে। ছাগলের টোপে খাঁচাবন্দি হয় পূর্ণবয়স্ক মর্দা চিতাবাঘ। যেখান থেকে ওই বুনোটি ধরা পড়ে, সেখান থেকে খুটাবাড়ি গ্রামের দূরত্ব খুব বেশি নয়। ওই গ্রামেই গত ২৭ অগাস্ট ষষ্ঠ শ্রেণির পড়ুয়া এক নাবালককে চিতাবাঘ কামড়ে তুলে নিয়ে গিয়েছিল। পরে মহম্মদ করিমুল হক নামে ওই ছাত্রের খোবলানো নিথর দেহ উদ্ধার হয়। এরপর খুটাবাড়ি লাগোয়া কলাবাড়ি চা বাগান সহ আশপাশের অন্তত ৮ বর্গকিলোমিটার এলাকাজুড়ে বন দপ্তর মোট ৮টি খাঁচা পাতে। চলতি মাসে কলাবাড়ি চা বাগান থেকে পরপর দুটি চিতাবাঘ ধরাও পড়ে। এই নিয়ে আংরাভাসা থেকে দুই সপ্তাহের মধ্যে ৩টি চিতাবাঘ খাঁচাবন্দি হল। বর্তমানে নিয়ম করে বন দপ্তরের ডায়না ও বিন্নাগুড়ি রেঞ্জের কর্মীরা গিয়ে বিকেলবেলা ছাগল দিয়ে নানা এলাকায় খাঁচা পাতার কাজটি চালিয়ে যাচ্ছেন। নতুন করে একটি খাঁচা পাতা হয়েছে খুটাবাড়ি সংলগ্ন মসজিদ লাইনে। সেখানেও সম্প্রতি চিতাবাঘের হামলায় শুয়োরের মৃত্যুর ঘটনা ঘটেছে। বন্যপ্রাণ শাখার বিন্নাগুড়ি রেঞ্জের রেঞ্জ অফিসার হিমাদ্রি দেবনাথ বলেন, 'আমরা সতর্ক রয়েছি। পাশাপাশি, সচেতনতা তৈরির কাজও চলেছে। বৃহস্পতিবার রাতে ধরা পড়া চিতাবাঘটিকে পর্যবেক্ষণে রাখা হয়েছে।'

অন্যদিকে, সমানতালে চলছে হাতির অত্যাচার। বৃহস্পতিবার রাতে জোড়া হাতির হামলায় ধরণীপুর চা বাগানের পাইপলাইনের রাজু ওরাওঁ নামে এক ব্যক্তির বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমানে ডায়নার জঙ্গল থেকে বেরিয়ে ওই দুটি হাতি সহ আরও একটি হাতির পাল সন্ধ্যা ঘনালেই লোকালয়ে ঢুকে পড়ছে। কখনও জাতীয় সড়ক আবার কখনও লাগোয়া রেললাইনও টপকাতে দেখা যাচ্ছে সেগুলিকে। ফলে ডায়না রেঞ্জের কর্মীদের রাতভর নজরদারি রাখতে হচ্ছে। সেখানকার রেঞ্জ অফিসার অশেষ পাল বলেন, 'কোথাও যাতে কোনও ক্ষতি না হয়, সেজন্য আমাদের প্রয়াস অব্যাহত থাকবে।'



জলঢাকা-আলতাডাঙ্গা চা বাগানে খাঁচাবন্দি চিতাবাঘ।

**ঘটনাক্রম**

- চিতাবাঘের উপদ্রব থামার কোনও লক্ষণই নেই নাগরাকাটার আংরাভাসা এলাকায়
- এবার আতঙ্ক দেখা দিয়েছে আংরাভাসা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের জলঢাকা-আলতাডাঙ্গা চা বাগানে
- বৃহস্পতিবার সন্ধ্যায় ছাগলের টোপ দিয়ে বাগানের শিমুলবাড়ি সেকশনে খাঁচা পাতা হয়
- কয়েক ঘণ্টার মধ্যেই একটি মর্দা চিতাবাঘ সেখানে ধরা পড়ে



আগমনীর সুরে কালো মেঘের ছায়া। শুক্রবার জলপাইগুড়ির তিস্তাপাড়ে। ছবি : মানসী দেব সরকার

## সংবর্ধনা

**রাজগঞ্জ, ১২ সেপ্টেম্বর :** শিক্ষক দিবসে রাজ্য সরকারের ২০২৫ সালের শিক্ষারত্ন পেয়েছেন প্রদীপ চৌধুরী। তিনি সাহুডাঙ্গি পিকে রায় হাইস্কুলের প্রধান শিক্ষক। শুক্রবার স্কুলের পরিচালন কমিটি, শিক্ষক, শিক্ষিকা ও প্রাক্তনীদের তরফে তাঁকে সংবর্ধনা জানানো হয়। ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। ১৯৯৯ সালে এই স্কুলে যোগ দিয়েছিলেন প্রদীপ। তারপর থেকে স্কুলের উন্নতির জন্য একাধিক কাজ করছেন। যেমন, ৪টি আলাদা ঘরে ৪টি ল্যাবরেটরি তৈরি করেছেন। স্কুলের চারপাশে গাছ লাগিয়েছেন। বাল্যবিবাহ আটকেছেন।

## পচাগলা দেহ

**নাগরাকাটা, ১২ সেপ্টেম্বর :** ডায়না নদী থেকে এক নাবালিকার পচাগলা দেহ উদ্ধার হল। শুক্রবার সকালে স্থানীয় বাসিন্দাদের কাছে খবর পেয়ে নাগরাকাটা থানার পুলিশ নদীতে ভেসে থাকা দেহটি উদ্ধার করে। প্রাথমিকভাবে পুলিশের অনুমান, দেহটি ভুটানের দিক থেকে ভেসে এসেছে। ভারতের প্রতিবেশী দেশ ভুটানে ডায়নার উৎসস্থল। নাগরাকাটা থানার পুলিশ ভুটান পুলিশকে বিষয়টি জানিয়েছে। নাগরাকাটা থানার আইসি কৌশিক কর্মকার বলেন, 'নাবালিকার গলায় ভুটানের জোংখা ভাষায় লেখা উত্তরীয় ছিল। দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।'

## ঝুলন্ত দেহ

**বেলাকোবা, ১২ সেপ্টেম্বর :** গলায় গামছার ফাঁস দেওয়া অবস্থায় এক ব্যক্তির দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল। ঘটনাটিকে কেন্দ্র করে রাজগঞ্জ ব্লকের শিকারপুর গ্রাম পঞ্চায়েতের চিল্কাপাড়া এলাকায় চাঞ্চল্য ছড়াল। মৃতের নাম সাবু রায়। প্রতিবেশীদের দাবি, সাবু একাই থাকতেন। বৃহস্পতিবার মালিভিটাতে ফুটবল খেলা দেখে বাড়িতে ফেরেন। পরে গলায় গামছার ফাঁস দেওয়া অবস্থায় তাঁর দেহ বাড়ির উঠোনে পড়ে থাকতে দেখেন সকলে। তাঁর মুখেও ক্ষতচিহ্ন রয়েছে। বেলাকোবা ফাঁড়ির পুলিশ এসে দেহ উদ্ধার করে। ফাঁড়ির ওসি অরিজিৎ কুণ্ডু এবিষয়ে বলেন, 'দেহ ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি সদর হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ তদন্তে নেমেছে।'

# মন্ত্রী আসবেন বলে তড়িঘড়ি রাস্তা সারাই

**শুভাশিস বসাক ও শুভজিৎ দত্ত**

**ধূপগুড়ি ও নাগরাকাটা, ১২ সেপ্টেম্বর :** রাস্তার রুগ্নদশা আজকের নয়। তবে এতদিন সেইদিকে ফিরেও তাকাননি কেউ। তবে শুক্রবার সকালে 'হঠাৎ বোধোদয়!' রীতিমতো কোমর বেঁধে রাস্তা মেরামতি শুরু হল। তবে এতে বিস্মিত নন বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের ডাংধরীর বাসিন্দারা। কারণ আগেই ঘোষণা হয়ে গিয়েছিল, গ্রামের 'আমাদের পাড়া আমাদের সমাধান' শিবির পরিদর্শনে আসবেন রাজ্যের কৃষি বিপণন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী বেচারাম মান্না।

তবে মন্ত্রীর আসা উপলক্ষ্যে এই রাস্তা সারাই অভিযানকে কেন্দ্র করে গ্রামবাসীর মধ্যে মিশ্র প্রতিক্রিয়া। কেউ বলছেন, মন্ত্রী আসবেন শুনে রাস্তা সংস্কার হয়ে গেল! আর

গ্রামবাসী এতদিন দাবি জানিয়ে এলেও কারও নজরে পড়েনি। হতশ্রী রাস্তায় সবজিবোঝাই টোটো উলটে গিয়েছে কতদিন। দুর্ঘটনায় আহত হয়েছেন মানুষ। হেলদোল ছিল না কারও। স্থানীয় নুর জামাল বলেন, 'অনেকদিন রাস্তা এভাবে পড়ে রয়েছে। কিন্তু কেউ খেয়াল করেনি। তবে মন্ত্রী আসছেন শোনামাত্রই রাস্তা একেবারে ঝাঁ চকচকে হয়ে গেল!' একই দাবি করেছেন সত্যনারায়ণ সরকার। তাঁর কথায়, 'মন্ত্রী না এলে রাস্তা হয়তো এমনই পড়ে থাকত। মন্ত্রী আসার খবরে তড়িঘড়ি রাস্তা সংস্কার হয়ে গেল।'

এদিন সকালে আচমকা পিকআপ ভ্যানে আরবিএম (বালি-পাথরের মিশ্রণ) আনিয়ে কর্দমাক্ত রাস্তায় ফেলে সমান করা হয় এবং গর্ত ভরাট করে দেওয়া হয়। বিধায়ক নির্মল রায় বলেন, 'রাস্তা সংস্কার অবশ্যই হবে। সব জায়গায় কাজ হচ্ছে।' আর মন্ত্রী প্রসঙ্গে বিধায়কের সংযোজন, 'বাড়িতে আত্মীয়স্বজন এলে যেমন একটু প্রস্তুতি নেওয়া হয়, এক্ষেত্রে তাই।'

বিজেপি নেতৃত্ব কটাক্ষ করতে পিছপা হয়নি। বিজেপির জেলা সম্পাদক মাধব রায় বলেন, 'দেখানো কাজ মানুষের উপকারে লাগে না। মন্ত্রীকে দেখানো হচ্ছে, আমরা কত কাজ করছি।'

এদিকে, শুক্রবার 'আমাদের পাড়া আমাদের সমাধান' কর্মসূচিকে নাগরিক বিপ্লব আখ্যায়িত করলেন মন্ত্রী বেচারাম। জলপাইগুড়ি জেলার দায়িত্বপ্রাপ্ত নেতা হিসেবে কর্মসূচি খতিয়ে দেখতে নাগরাকাটায় আসেন সিঙ্গুর জমি আন্দোলনে মমতা বন্দ্যোপাধ্যায়ের অন্যতম সেনাপতি। এদিন, সুলকাপাড়া গ্রাম পঞ্চায়েতের ১৬৫ ও ১৬৬ নম্বর বুথকে নিয়ে অনুষ্ঠিত শিবিরের উদ্বোধন করেন তিনি। ছিলেন জলপাইগুড়ি জেলা পরিষদের সভাধিপতি কৃষ্ণা রায় বর্মন, জেলা পরিষদের জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের কর্মাধ্যক্ষ মহুয়া গোপ, বন ও ভূমি কর্মাধ্যক্ষ গণেশ ওরাওঁ, জেলা পরিষদের সদস্য ফিরোজ নুর পাটোয়ারি ও নাগরাকাটার বিডিও পঙ্কজ কোনার সহ অনেকে। মন্ত্রী বলেন, 'এখনও পর্যন্ত দেড় কোটি লোক এই কর্মসূচিতে অংশ নিয়েছেন। মানুষের ঢল প্রমাণ করছে এটি একটি নাগরিক বিপ্লব।'

> দেখানো কাজ মানুষের উপকারে লাগে না। মন্ত্রীকে দেখানো হচ্ছে, আমরা কত কাজ করছি।
>
> **মাধব রায়**
> *জেলা সম্পাদক, বিজেপি*



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

মেহনতের আলো।। উত্তর দিনাজপুরের হাপতিয়াগছে মহম্মদ আসাদুল্লার তোলা ছবি।

# নগেনের প্রাসাদ গুঁড়িয়ে দিতে ডাক

**গৌরহরি দাস**

**কোচবিহার, ১২ সেপ্টেম্বর :** গ্রেটার নেতা নগেন রায়ের রাজবাড়ি ধুলোয় মিশিয়ে দেওয়ার ডাক দিলেন দ্য গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের কনভেনার ভবেশ বর্মন। শুক্রবার কোচবিহার শহরের সুকান্ত মঞ্চে সংগঠনের ভরা সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এমনই মন্তব্য করেন। তবে শুধু নগেনই নন, গ্রেটার নেতা বংশীবদন বর্মনেরও কড়া সমালোচনা করেছেন ভবেশ। কোচবিহারের তৃণমূল নেতা উদয়ন গুহ এবং অভিজিৎ দে ভৌমিক এবং বিজেপির বিধায়ক নিখিলরঞ্জন দে এবং সুকুমার রায়ের কড়া সমালোচনার পাশাপাশি তাঁদের দালাল বলে অভিহিত করেন।

শুক্রবার কোচবিহার রাজ্যের ভারতভুক্তি চুক্তি দিবস উপলক্ষ্যে কোচবিহার শহরের সুকান্ত মঞ্চে সভা করেন ভবেশপন্থী দ্য গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশন। সভায় সংগঠনের কয়েকশো কর্মী উপস্থিত ছিলেন। সেই ভরা সভায় ভবেশ বলেন, '২০০৫ সালের ২০ সেপ্টেম্বর খাগড়াবাড়িতে গ্রেটারের আন্দোলনে আমাদের দুজন কর্মী পুলিশের গুলি খেয়ে মারা যায়। আর তখন এই নগেন রায় ধুতি পরে ওখান থেকে পালিয়ে যায়। তারপর কোচবিহারের মানুষের টাকা শোষণ করে রাজবাড়ি বানিয়েছে। বিজেপির টিকিটে সাংসদ হয়ে কোচবিহারের মানুষের কথা ভুলে গিয়েছে। সবাই সংঘবদ্ধ হও। ওর রাজবাড়ি আমরা ধূলিসাৎ করে দেব।' বক্তব্যের শুরুতেই তিনি নগেন সম্পর্কে অশালীন মন্তব্যও করেন।

তিনি আরও বলেন, 'নগেন এখানকার রাজবংশী মানুষের কোনও উপকার করেনি। ও শুধু নিজের সম্পত্তি বাড়িয়েছে।' উদাহরণ দিয়ে তিনি বলেন, 'সম্প্রতি কোচবিহারের রাসমেলা মাঠে ও একটা জনসভা করেছে। তাতে ও বিজেপি এবং তৃণমূলকে দেখিয়েছে আমি এত হাজার ভেড়া এনেছি। ভোটের জন্য তোমরা কে কত টাকা আমাকে দেবে বল। আপনারা এগুলি নিয়ে ভাববেন না?'

**কোচবিহার**

নগেনের সমালোচনাই ছিল এদিন ভবেশের বক্তব্যের মূল সুর। তিনি বলেন, 'রাজ্য নেই, কিছু নেই। আর নিজেকে চক্রবর্তী সম্রাট বলে ঘোষণা করে।

বিষয়টি নিয়ে নগেন রায়কে ফোন করা হলে তিনি 'আমি কিছু বলব না' জানিয়ে ফোন কেটে দেন। এরপর একাধিকবার ফোন করা হলেও তিনি আর ফোন ধরেননি।

গ্রেটার নেতা বংশীবদন বর্মন সম্পর্কে ভবেশ বলেন, '২০১৬ সালে নিউ কোচবিহারে রেল অবরোধ আন্দোলন করলাম। আমরা রেললাইনে দাঁড়িয়ে থাকলাম। আর বংশীবদন সেখান থেকে পালিয়ে গেল। ও বলল তৃণমূল থাকলে উন্নয়ন হবে। কিন্তু উন্নয়ন রাজবংশী মানুষজনের হল না। উন্নয়ন হল ওর। তৃণমূলের সঙ্গে থাকার কারণে ও রাজবংশী ভাষা আকাদেমির চেয়ারম্যান হল। রাজবংশী উন্নয়ন ও কালচারাল বোর্ডের চেয়ারম্যান হল। ২০০ রাজবংশী স্কুল হল ওর। আরও ২০০০ স্কুল করার উদ্যোগ নিয়েছে। প্রতিটি স্কুলে চারজন করে শিক্ষক অর্থাৎ ৮০০০ শিক্ষক নিয়োগ হবে। হলদিবাড়িতে প্রতিটি শিক্ষকের জন্য তিন লক্ষ টাকা করে ওর লোকজন নিচ্ছে। তাহলে ৮ হাজার শিক্ষকের জন্য কত কোটি টাকা হয়। আপনারা ভাববেন না?' বংশীবদনকে তৃণমূলের দালাল বলে ভবেশ কটাক্ষ করেন।

বিষয়টি নিয়ে বংশীবদন বলেন, 'পাগলে কি না বলে, ছাগলে কি না খায়। ভবেশ একটা পাগল। তাই ওর কথার কোনও উত্তর দিতে চাই না।'

# বেলাকোবায় বেহাল নিকাশিনালা

**সুভাষচন্দ্র বসু**

**বেলাকোবা, ১২ সেপ্টেম্বর :** বাজারের নিকাশিনালায় জমে রয়েছে চায়ের কাপ, প্লাস্টিক, থার্মোকল ইত্যাদি। ফলে নিকাশিনালার জল আটকে গিয়েছে। ছবিটি রাজগঞ্জ ব্লকের অন্তর্গত বেলাকোবার নতুন দৈনিক বাজারের। সেই জমা জল থেকে এলাকায় ডেঙ্গির আতঙ্ক বাড়ছে। গত সপ্তাহে রাজগঞ্জ মগরাডাঙ্গি গ্রামীণ হাসপাতালে দুজন ডেঙ্গি আক্রান্ত রোগী পাওয়া গিয়েছিল। পানিকৌরি গ্রাম পঞ্চায়েতের প্রধান পাপিয়া সরকার এবিষয়ে বলেন, 'শীঘ্র এলাকায় মশার উপদ্রব কমানোর জন্য স্প্রে করা হবে।'

স্থানীয় মুদিখানার ব্যবসায়ী প্রহ্লাদ দাসের অভিযোগ, 'বাজারের নিকাশি ব্যবস্থা ভালো নয়। নিকাশিনালায় জল জমে থাকায় এলাকায় মশামাছির উপদ্রব যেমন বেড়েছে, তেমনি ডেঙ্গির ভয়ে রীতিমতো আতঙ্কিত স্থানীয় ব্যবসায়ী ও ক্রেতারা।' নিকাশিনালা দিয়ে জল যেতে না পারায় দুর্গন্ধ ছড়াচ্ছে। ফলে ক্রেতারা বাজারে আসতে চাইছেন না বলে জানান স্থানীয় চাল ব্যবসায়ী সজল দে।

নিকাশি ব্যবস্থার এই অবস্থার ফলে বৃষ্টি হলে নিকাশিনালার জল উপচে দোকানের সামনে জমে থাকে। কখনো-কখনো হাঁটুজল জমে যায়। ফলে ব্যবসায়ীরা সঠিক সময় দোকান খুলতে পারেন না বলে জানান স্থানীয় ব্যবসায়ী সনাতন সরকার।

বাজার এলাকার এই সমস্যার ফলে দুর্ভোগ পোহাতে হয় এলাকার পড়ুয়াদেরও। এছাড়া স্কুল ছুটির সময় অভিভাবকরা স্কুলের বাইরে ওই বাজার সংলগ্ন এলাকায় দাঁড়িয়ে অপেক্ষা করেন। তখন তাঁদেরও দুর্গন্ধ ও মশামাছির উপদ্রব সহ্য করতে হয় বলে জানান স্থানীয় বাসিন্দা জবা রায়। তাঁর মতে, 'প্রশাসনের উচিত দ্রুত ওই এলাকার নিকাশিনালাগুলি পরিষ্কার করা।'

## কংগ্রেসের স্মারকলিপি

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** শহরে ক্রমবর্ধমান মাদক সমস্যার বিরুদ্ধে পদক্ষেপ করার দাবিতে কোতোয়ালি থানার আইসির কাছে স্মারকলিপি দিল জলপাইগুড়ি জেলা মহিলা কংগ্রেস কমিটি। শুক্রবার দুপুরে মহিলা কংগ্রেসের এক প্রতিনিধিদল কোতোয়ালি থানায় গিয়ে এই স্মারকলিপি জমা দেয়। মহিলা কংগ্রেসের অভিযোগ, বর্তমানে শহরে যে মাদকাসক্তি ও নিষিদ্ধ মাদক দ্রব্যের অবাধ বিস্তার হচ্ছে তাতে সমাজের ওপর কুপ্রভাব পড়ছে। তরুণ, তরুণী, মহিলারা এবং এমনকি শিশুরাও এই নেশার কবলে পড়ছে। এটি কোনও একটি এলাকার সমস্যা নয়। প্রায় প্রতিটি এলাকায় ছড়িয়ে যাচ্ছে মাদকের প্রভাব। এর বিরুদ্ধে জেলা পুলিশকে সক্রিয় পদক্ষেপ করার দাবি জানায় মহিলা কংগ্রেস।

জলপাইগুড়ি জেলা মহিলা কংগ্রেস কমিটির সভানেত্রী রুমা মুন্সি বলেন, 'মাদক ব্যবসার সঙ্গে যারা যুক্ত, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানাই আমরা।'

# সংসার সামলে দেবীর আরাধনা

**কৌশিক দাস**

**ক্রান্তি, ১২ সেপ্টেম্বর :** প্রত্যেকের পুজোর বাজেট খুব একটা বেশি নয়, তবে নিয়মনিষ্ঠায় কোনও খামতি থাকে না ওঁদের। কোথাও নিয়ম মেনে মাকে ১০৮টা পদ্মই দেওয়া হয়। আবার কোথাও আন্তরিকতাই মূল। গত কয়েকবছর ধরে এভাবেই ক্রান্তির মহিলারা সংসারের কাজ সামলে পুজোর আয়োজন করছেন। ক্রান্তিতে মহিলা পরিচালিত তিনটি পুজো রয়েছে। একটি ক্রান্তি বাজারে ও একটি পালপাড়াতে, অন্যটি পার্কপাড়াতে। চাঁদা তোলা থেকে শুরু করে পুজোর বাজার সবকিছুই নিজে হাতে করেন মহিলারা। সরকারি অনুদান পাওয়ায় পুজোগুলো আরও বৈচিত্র্য এনেছে।

ক্রান্তি মহিলা দুর্গাপুজো কমিটির পুজো এবছর ২৬ বছরে পা দিল। পুজো কমিটির কোষাধ্যক্ষ প্রবীণা মঞ্জু দাস বলেন, 'আমাদের পুজোয় নিয়মের সঙ্গে কোনওভাবেই আপস করা হয় না। ১০৮টি পদ্মই মাকে নিবেদন দেওয়া হয়।' পুজোর দিনগুলোতে প্রসাদ সবাইকে দেওয়ার চেষ্টা করা হয়। পুরোনো সদস্যরা অনেকেই বয়সের ভারে নুয়ে পড়লেও চাঁদা তোলা থেকে শুরু করে বাজারঘাটে সব কাজেই নতুনদের সাহায্য করেন। অনেক কষ্ট করে পুজোর যাবতীয় আয়োজন করা হলেও মায়ের আরাধনায় সমস্ত কষ্ট লাঘব হয়ে যায় বলে জানিয়েছেন কমিটির সম্পাদক পুষ্প বণিক।

এদিকে, পালপাড়ার দুর্গাপুজো এবার ১৫তম বর্ষে পা দিল। এবারে তাঁদের সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ যথাক্রমে ঊষা তরফদার, সীমা সরকার ও দীপিকা সরকার বিশ্বাস। এবার তাঁদের পুজোর বাজেট প্রায় ৩ লক্ষ টাকা। এখন নাওয়া-খাওয়া ভুলে শেষমুহূর্তের প্রস্তুতিতে ব্যস্ত তাঁরা। চাঁদার হিসেব, প্যান্ডেলের কাজ দেখাশোনা সব কাজ নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছেন কমিটির সদস্যরা।

দীপিকার কথায়, 'বছরভর আমরা গ্রামের মহিলারা অল্প অল্প করে টাকা জমিয়ে পুজোর আয়োজন করি।' অন্যদিকে, পার্কপাড়া মহিলা দুর্গাপুজো কমিটির পুজোর এবার ১১তম বর্ষ। প্রথমে পুজো সামলাতে একটু হিমসিম খেতে হলেও এখন গোটা বিষয়টা বেশ রপ্ত করে নিয়েছেন এলাকার মহিলারা। এবার সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ হয়েছেন যথাক্রমে গঙ্গারানি বিশ্বাস, অঞ্জনা বিশ্বাস ও উমা বিশ্বাস।



ক্রান্তি মহিলা দুর্গাপুজো কমিটির প্যান্ডেল।

এল এল পুজো এল

# স্থায়ী কাঠামোয় পুজো ঝুমুরে

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ১২ সেপ্টেম্বর :** থিমের পুজোর উদ্যোক্তাদের শেষমুহূর্তের আয়োজনের ব্যস্ততা চলছে। তবে ধূপগুড়িতে পারিবারিক পুজোগুলির মধ্যে গুরুত্বপূর্ণ ঝুমুরে বসাকবাড়ির দুর্গাপুজো। এই পুজো শুরু হয়েছিল বাংলাদেশে। কিন্তু বাংলাদেশের দরগ্রাম ছেড়ে এপার বাংলার ধূপগুড়িতে চলে আসে বসাক পরিবার। তবে বাংলাদেশে শুরু হওয়া পুজো এখনও একইভাবে হয়ে আসছে ধূপগুড়ির ঝুমুর এলাকার তাঁদের বাড়িতে। পরিবারের লোকজন জানিয়েছেন, ৯০ বছর আগে বাংলাদেশে বসাক পরিবারের নরেন্দ্রকুমার বসাকের হাত দিয়ে পুজো শুরু হয়। তিনি না থাকলেও পরিবারের বাকিদের হাত দিয়ে পুজো আজও হয়ে আসছে। বাংলাদেশ থেকে এপার বাংলায় চলে আসার সময় পুজোর কাঠামোর কিছুই আনতে পারেননি তাঁরা। তবে মাটি নিয়ে এসেছিলেন ওপার বাংলা থেকে। ওই মাটি দিয়েই প্রায় ৭০ বছর আগে ঝুমুরে প্রতিমা তৈরি করা হয়।

একইসঙ্গে শাল কাঠ দিয়ে স্থায়ী একটি কাঠামোও বানানো হয়েছে। ওই কাঠামোতেই প্রতি বছর মূর্তি গড়ে দুর্গাপুজো সম্পন্ন করা হয়। শাল কাঠের স্থায়ী কাঠামোর ওপর অস্থায়ীভাবে বাঁশের কাঠামো লাগিয়ে প্রতিমা গড়া হয়। বর্তমানে নরেন্দ্র না থাকলেও তাঁর ভাই ভূপেন্দ্রকুমার বসাক ও পরিবারের বাকি সদস্য রতন বসাক, পঙ্কজ বসাক, লক্ষ্মী বসাকের হাত ধরে পুজো হয়ে আসছে। ঝুমুরের বসাকবাড়ির অন্যতম সদস্য লক্ষ্মীর কথায়, 'ওপার বাংলায় দরগ্রামে ভাশুরের হাত দিয়ে পুজোর শুরু হয়। কিন্তু গোটা পরিবার প্রায় ৭০ বছর আগে বাংলাদেশ ছেড়ে ধূপগুড়িতে চলে আসে। সেখান থেকে নিয়ে আসা মাটি দিয়েই এখানে প্রথম পুজো হয়। প্রতি বছর সাড়ম্বরে পুজোর আয়োজন করে আনন্দে মেতে ওঠে পরিবারের সকলে।'

একই দাবি করেছেন পরিবারের অপর সদস্য রতন। তিনি বললেন, 'পরিবারের ঐতিহ্য বহন করার দায়িত্ব বর্তমানে সকলের। সেটাই পালন করা হচ্ছে। যাঁদের হাত দিয়ে পুজোর শুরু হয়েছিল, তাঁরা আর নেই ঠিকই, তবে তাঁদের ইচ্ছা অনুযায়ী পুজো চালিয়ে যাওয়া হচ্ছে। ৯০ বছরের পুজো এবার ৯১ বছরে পড়বে। সেভাবেই এবারও আয়োজন করা হচ্ছে।'



দুর্গা প্রতিমা গড়ার শালকাঠের স্থায়ী কাঠামো।

# গর্তে ভরা বেহাল রাস্তায় দুর্ভোগ

## পুজোর আগে সারাই না হলে দুর্ঘটনার আশঙ্কা বাসিন্দাদের

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** একদিকে পুরসভার একাধিক ওয়ার্ডে বেহাল রাস্তা মেরামত করার কাজ চলছে, অন্যদিকে ওয়ার্ডের ভালো পিচের রাস্তায় গর্ত করে ফাইবার অপটিক বসানো হচ্ছে। সেই গর্ত মাটি দিয়ে ভরাট করা হলেও বৃষ্টির জলে তা নরম হয়ে আরও বিপজ্জনক আকার নিয়েছে। বিশেষ করে গত এক সপ্তাহ ধরে পুরসভার ১৭ ও ১৮ নম্বর ওয়ার্ডের পিচের ভালো রাস্তার ধারে দেড় থেকে দুই ফুট গর্ত খোঁড়া হয়েছে। সেইসব গর্ত মাটি দিয়ে ভরাট করা হলেও বৃষ্টির জলে ভিজে মাটি নরম হওয়ায় গাড়ির চাকা ঢুকে যাচ্ছে। ১৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সুলোচনা বিশ্বাসের কথায়, 'হাঁটতে গিয়ে ভরাট করা গর্তে পা ঢুকে গিয়েছিল। অল্পের জন্য বড় দুর্ঘটনা থেকে রেহাই পেয়েছি। সামনেই পুজো। তার আগে স্থায়ীভাবে গর্তগুলি ভরাট করা না হলে বড়সড়ো দুর্ঘটনা যে কোনও মুহূর্তে ঘটতে পারে।'

এ বিষয়ে জলপাইগুড়ি পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পালের বক্তব্য, 'পুরসভা সব ওয়ার্ডে কিছু রাস্তা নতুন করে তৈরি করছে। কিছু রাস্তা মেরামত করা হচ্ছে। পুজোর আগেই বেহাল রাস্তার গর্ত বুজিয়ে ফেলা হবে। যারা মাটি খুঁড়ে ফাইবার অপটিক পাতছে, গর্ত বোজানোর দায়িত্ব সেই কোম্পানির।'

জলপাইগুড়ি পুরসভার ২৫টি ওয়ার্ডের রাস্তাই গত ছয় বছর ধরে বেহাল অবস্থায় রয়েছে। প্রথমে আম্রুত জলপ্রকল্পের বড় পাইপ বসানোর জন্য রাস্তা খোঁড়াখুঁড়ির ফলে এখনও বহু রাস্তার বেহাল দশা। তারপর কোনও এক কোম্পানির ফাইবার অপটিক বসানোর জন্য রাস্তা খোঁড়া হয়েছিল। দুই মাস আগে আম্রুত প্রকল্পের অধীনে বাড়ি বাড়ি জলের সংযোগ লাইন দিতে গিয়ে গর্ত খোঁড়া হয়েছিল। কিন্তু সেইসব গর্ত ভালোভাবে ভরাট না করায় চলাচলে অসুবিধা হচ্ছে বলে জানালেন জলপাইগুড়ি নাগরিক মঞ্চের মুখপাত্র গোবিন্দ রায়।

কয়েকদিন আগেই পুজোকে সামনে রেখে জেলাজুড়ে রাস্তার গর্ত ভরাট করার নির্দেশ দিয়েছিলেন জেলা শাসক শামা পারভিন। পূর্ত, জেলা পরিষদ ও পুরসভাকে এই নির্দেশ দেওয়া হয়েছিল। কিছু ওয়ার্ডে পূর্ত দপ্তর ও পুরসভার তরফে গর্ত ভরাট করা থেকে রাস্তা নতুন করে করা হয়েছে। এছাড়া কদমতলা ও মহন্তপাড়ায় রাস্তা নতুন করে করা হচ্ছে বলে কাউন্সিলার দিলীপ বর্মা জানিয়েছেন।



*জোড়াতালি দিয়ে বোজানো গভীর গর্ত। জলপাইগুড়ির ১৮ নম্বর ওয়ার্ডে।*

### সমস্যা যেখানে

- ২৫টি ওয়ার্ডের রাস্তাই গত ছয় বছর ধরে বেহাল
- প্রথমে আম্রুত জলপ্রকল্পের বড় পাইপ বসানোর জন্য রাস্তা খোঁড়া হয়েছিল
- তারপর এক কোম্পানির ফাইবার অপটিক বসানোর জন্য রাস্তা খোঁড়া হয়
- দুই মাস আগে আম্রুত প্রকল্পের অধীনে বাড়ি বাড়ি জলের সংযোগ লাইন দিতে গিয়ে গর্ত খোঁড়া হয়
- সেইসব গর্ত ভালোভাবে ভরাট না করায় চলাচলে অসুবিধা হচ্ছে

"হাঁটতে গিয়ে ভরাট করা গর্তে পা ঢুকে গিয়েছিল। অল্পের জন্য বড় দুর্ঘটনা থেকে রেহাই পেয়েছি। সামনেই পুজো। তার আগে স্থায়ীভাবে গর্তগুলি ভরাট করা না হলে বড়সড়ো দুর্ঘটনা যে কোনও মুহূর্তে ঘটতে পারে।

**সুলোচনা বিশ্বাস**
*১৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা*



*তারে বিদ্যুৎ সংযোগ করে মাছ ধরা চলছে মাল নদীতে। শুক্রবার অ্যানি মিত্রর তোলা ছবি।*

## মণ্ডপ পরিদর্শনের সঙ্গে পড়ুয়াদের ক্লাস নিল পুলিশ

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** পুজোমণ্ডপের পরিকাঠামো ও আপৎকালীন পরিস্থিতি মোকাবিলায় পুজো কমিটিগুলির পরিকল্পনা ও প্রস্তুতি খতিয়ে দেখতে উদ্যোগ নিল পুলিশ। সেই লক্ষ্যে শুক্রবার ৩টি পুজোমণ্ডপ পরিদর্শন করল জেলা পুলিশ। পাশাপাশি পুজোমণ্ডপের পাশে থাকা একটি প্রাইমারি স্কুলে ক্লাস নেন কোতোয়ালি থানার আইসি সঞ্জয় দত্ত এবং ট্রাফিক আইসি অমিতাভ দাস। তার সঙ্গে সচেতনতার পাঠও শেখালেন তাঁরা। পুলিশকে দেখে এগিয়ে এসে নিজেদের সমস্যার কথা জানিয়েছেন স্থানীয়রা। পুজোর আগে এই মণ্ডপ পরিদর্শনে উপস্থিত ছিলেন ডিএসপি (হেডকোয়ার্টার) পার্থকুমার সিংহ, ডিএসপি (ট্রাফিক) অরিন্দম পাল চৌধুরীও।

এদিন তাঁরা পাতকাটা কলোনি কালচারাল ক্লাব ও পাঠাগার, পাতকাটা অগ্রণী সংঘ ও পাঠাগার এবং আসাম মোড় তারাপাড়া দুর্গাপুজো কমিটির পুজোমণ্ডপ পরিদর্শন করেন। পুজো কমিটিগুলির পার্কিং থেকে শুরু করে অগ্নিনির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখা হয়। এছাড়া যাতায়াতের পথ প্রশস্ত কি না, তা না হলে কী করতে হবে কমিটিগুলির সঙ্গে সেই আলোচনাও করেন পুলিশকর্তারা। তারই মাঝে পাতকাটা কলোনি কালচারাল ক্লাব ও পাঠাগার পুজোমণ্ডপের পাশে পাতকাটা আরআর প্রাথমিক বিদ্যালয়ে খুদে পড়ুয়াদের সঙ্গে কথা বলে তাদের ক্লাস নেন দুই আইসি। 'সেফ ড্রাইভ সেভ লাইফ' ও ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতামূলক একটি প্রচারও করেন।

এমন করে ক্লাস করতে পেরে বেজায় খুশি স্কুলের পড়ুয়া থেকে শিক্ষক সকলেই। স্কুলের প্রধান শিক্ষক সরজিৎ চাকি বলেন, 'এই প্রচার অভিযানের অংশ হতে পেরে আমরা খুশি। শিশুরা এতে বেশ উপকৃত হল।' পুলিশ পুজোমণ্ডপ ছেড়ে বেরিয়ে আসার সময় স্থানীয়রা কয়েকজন এলাকায় মদ্যপদের উপদ্রব নিয়ে থানার আইসিকে জানালে তিনি ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। এদিকে মণ্ডপ পরিদর্শন নিয়ে সরাসরি কোনও মন্তব্য না করতে চাইলেও পুলিশ সূত্রে জানা গিয়েছে, নির্মীয়মাণ মণ্ডপগুলি ঘুরে দেখার পাশাপাশি আয়োজক ও মণ্ডপ নির্মাণকারীদের সঙ্গে আপৎকালীন পরিস্থিতিতে কী প্ল্যান রয়েছে তা নিয়ে আলোচনা হয়েছে। এছাড়া মণ্ডপে প্রবেশ এবং প্রস্থানের দরজাগুলি বড় করে তৈরি করতে নির্দেশ দেওয়া হয়।

### জরুরি তথ্য
### ব্লাড ব্যাংক

(শুক্রবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**জলপাইগুড়ি মেডিকেল কলেজের ব্লাড ব্যাংক**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ৩ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ৩ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ৫ |
| ও নেগেটিভ | - | ০ |

## খাদিমেলায় পটারি প্রশিক্ষণ

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** জেলা প্রশাসনের সহযোগিতায় ও খাদি বোর্ডের ব্যবস্থাপনায় জলপাইগুড়ি শহরে ৬ তারিখ থেকে খাদিমেলা শুরু হয়েছে। মেলা চলবে ২২ তারিখ পর্যন্ত। খাদিমেলায় এবছর অভিনব উদ্যোগ গ্রহণ করা হয়েছে খাদি বোর্ডের তরফে। শুক্রবার ৩টি সেল্ফ হেল্প গ্রুপের প্রায় ২০ জন মহিলাকে হাতে-কলমে শেখানো হয় পটারি। সোমবার আরও ২০ জন মহিলাকে টেরাকোটার কাজ শেখানো হবে বলে জানা গিয়েছে। মেলায় বসে এই ধরনের কাজ শেখাচ্ছেন একটি সংস্থার শিক্ষক ক্রাফটম্যান নকুল পাল।

সেল্ফ হেল্প গ্রুপের অনীতা রায় বললেন, 'আমরা একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের হয়ে গ্রুপ তৈরির কাজ করি। সেই ব্যাংকের তরফে জানানো হয়েছিল এই ধরনের কাজ শেখানো হচ্ছে মেলায়। এই প্রথম চাকা ঘুরিয়ে চায়ের গ্লাস, প্রদীপ বানালাম। খুবই ভালো লাগল। নতুন অভিজ্ঞতা হল।'

উদ্যোক্তাদের তরফে জানানো হয়েছে, কেউ এধরনের কাজ শিখতে চাইলে তারা সাহায্য করবেন। জেলা পরিষদের জনস্বাস্থ্য বিভাগের কর্মাধ্যক্ষ মহুয়া গোপের কথায়, 'মহিলারা এই কাজ শিখে স্বনির্ভর হতে পারবেন। এমন উদ্যোগ সাধুবাদযোগ্য।'

## কর্মসূচি

**মালবাজার, ১২ সেপ্টেম্বর :** শুক্রবার মাল থানার উদ্যোগে থানার অধীনস্থ ১৩৮টি দুর্গাপুজো কমিটির ডকুমেন্ট ভেরিফিকেশনের কর্মসূচি আয়োজিত হয় মাল থানায়। এদিন মোট ১২৮টি পুজো কমিটির নথি যাচাই করা হয়। মাল থানার আইসি সৌম্যজিৎ মল্লিক বললেন, 'পুজো কমিটিগুলির তরফে আমাদের এই উদ্যোগে সহযোগিতা পেয়েছি।' শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে দুর্গাপুজো পরিচালনা করার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

## শবদাহ করতে গিয়ে হয়রান শ্মশানযাত্রীরা

# বৈদ্যুতিক চুল্লির দাবি ময়নাগুড়ি শ্মশানে

**অভিরূপ দে**

**ময়নাগুড়ি, ১২ সেপ্টেম্বর :** ময়নাগুড়ি শ্মশানে বৈদ্যুতিক চুল্লি তৈরির দাবি দীর্ঘদিনের। কিন্তু প্রশাসনের তরফে এ ব্যাপারে কোনও উদ্যোগ নেই। ময়নাগুড়ি নাগরিক চেতনার সম্পাদক অপু রাউতের কথায়, 'গত কয়েক বছরে ময়নাগুড়ি শহরের জনসংখ্যা অনেকটাই বেড়েছে। বৈদ্যুতিক চুল্লি তৈরি খুবই প্রয়োজন। আমরা প্রশাসনের বিভিন্ন মহলে দাবি জানিয়েছি।' যদিও ময়নাগুড়ি পুরসভার চেয়ারম্যান অনন্তদেব অধিকারীর বক্তব্য, 'ময়নাগুড়ি শ্মশানে বৈদ্যুতিক চুল্লি না হলেও ময়নাগুড়ি শ্মশান ও শহর সংলগ্ন খাগড়াবাড়ি শ্মশান থাকায় শবদাহ করতে কোনও সমস্যা হয় না।'

শহরের মহাকালপাড়ায় একটি শ্মশান রয়েছে। আরেকটি শ্মশান রয়েছে শহর সংলগ্ন খাগড়াবাড়িতে। শহরের বেশিরভাগ মৃতদেহ মহাকালপাড়ার শ্মশানেই দাহ করা হয়। এই শ্মশানটিতেই বৈদ্যুতিক চুল্লির দাবি রয়েছে। বৈদ্যুতিক চুল্লি না থাকায় প্রিয়জনের মৃত্যুর পরে তাঁর দেহ নিয়ে অনেক সময়ে সমস্যায় পড়তে হয় শ্মশানযাত্রীদের। তার ওপর জ্বালানি কাঠ সংগ্রহ করতে গিয়ে সমস্যা হয়। বর্ষাকালে সমস্যা আরও বেড়ে যায়। তাছাড়া দাহ করার জন্য এখন জনবলও কমে এসেছে। ময়নাগুড়ি শ্মশানে শবদাহ করতে আসা শ্মশানযাত্রী দেবদীপ মণ্ডল বলেন, 'এখন শ্মশানে শবদাহর কাজে হাত লাগানোর মতো লোকের খুব অভাব। জ্বালানি কাঠেরও দাম অনেক। তাই বৈদ্যুতিক চুল্লি তৈরি হলে অনেকটাই সুবিধা হবে।'

তাছাড়া শ্মশান সংলগ্ন এলাকায় জনবসতি থাকায় বাসিন্দাদেরও দুর্গন্ধ সহ্য করতে হয়। তার ওপর সৎকার শেষে ছাই ও না পোড়া অংশ শ্মশান সংলগ্ন জরদা নদীতে ফেলায় দূষিত হচ্ছে নদীও। ময়নাগুড়ি শ্মশান সংলগ্ন এলাকার বাসিন্দা শুভম সেনের কথায়, 'সময়ের সঙ্গে তাল মিলিয়ে ময়নাগুড়ি শ্মশানে বৈদ্যুতিক চুল্লি তৈরি জরুরি। চুল্লি না থাকায় শবদাহের সময় এলাকার পরিবেশ যথেষ্ট দূষিত হয়।' তাঁর কথায় সায় জানান ওই এলাকার বাসিন্দা গৌরাঙ্গ হাজরা, বাপ্পা মণ্ডল, মনোজ দাসরা।

ময়নাগুড়ি শ্মশান কমিটির সম্পাদক অলোক দত্তর বক্তব্য, 'বৈদ্যুতিক চুল্লি দাবির যৌক্তিকতা রয়েছে। অনেক সময়ই দাহকাজের জন্য কাঠ পেতে সমস্যায় পড়েন শ্মশানযাত্রীরা। প্রশাসনের এ ব্যাপারে উদ্যোগী হওয়া উচিত।'

২০১২ সালে এসজেডিএ'র উদ্যোগে ময়নাগুড়ি শ্মশানে বৈদ্যুতিক চুল্লি বসানোর কাজ শুরু হয়েছিল। প্রায় ১১ কোটি টাকা ব্যয়ে শ্মশানে বৈদ্যুতিক চুল্লি বসানোর পাশাপাশি কেদারনাথের আদলে মন্দির তৈরি, শ্মশানের সদর গেট তৈরি সহ অন্যান্য কাজ করার কথা ছিল। কিন্তু আর্থিক অনিয়মের কারণে কাজ শুরুর কিছুদিনের মধ্যেই সেই কাজ বন্ধ হয়ে যায়। প্রায় পাঁচশো বস্তা সিমেন্ট, বেশ কয়েক টন লোহার রড রেখে ঠিকাদারি সংস্থা চলে যায়। বিষয়টি আদালত পর্যন্ত গড়ায়। এখনও বিষয়টি বিচারাধীন। দীর্ঘদিন পড়ে থাকতে থাকতে নষ্ট হয়েছে কয়েক লক্ষ টাকার সিমেন্ট ও রড। অথচ পার্শ্ববর্তী জলপাইগুড়ি, ধূপগুড়ি, মালবাজারে বৈদ্যুতিক চুল্লি থাকলেও বঞ্চিত ময়নাগুড়ি।




*ময়নাগুড়ি শ্মশানের এই জায়গাতেই বৈদ্যুতিক চুল্লি বসানোর কথা ছিল।*

### পাড়ায় পাড়ায়

#### মালবাজার

## উদ্যানের সামনে ছেঁড়া সচেতনতামূলক ফ্লেক্স

**মালবাজার, ১২ সেপ্টেম্বর :** কিশলয় প্রাথমিক বিদ্যালয়ের পাশ থেকে আবর্জনার স্তূপ সরানো হলেও এক অস্বস্তিকর পরিস্থিতি হয়েছে ৯ নম্বর ওয়ার্ডের দক্ষিণ কলোনি এলাকায়। অভিযোগ, ওয়ার্ড কমিটির তরফে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য লাগানো ফ্লেক্স ও পোস্টারগুলি ছিঁড়ে ফেলা হচ্ছে রাতের অন্ধকারে। নজরুল শিশু উদ্যানের সামনে একটি বড় সচেতনতামূলক ফ্লেক্স ছিঁড়ে ফেলেছে কিছু অজ্ঞাতপরিচয় দুর্বৃত্ত। শুধু তাই নয়, অভিযোগ উঠেছে সেই এলাকাটিতে আবার নতুন করে আবর্জনা ফেলা শুরু হয়েছে পরিকল্পিতভাবে। এ প্রসঙ্গে ওয়ার্ডের সুপারভাইজার দীপঙ্কর ঘটক বলেন, 'আমরা সম্প্রতি একটি বড় অভিযান চালিয়ে এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করেছি। কিন্তু কিছু অসাধু মানুষ ইচ্ছাকৃতভাবে সেই চেষ্টাকে নস্যাৎ করতে চাইছে। বিষয়টি খুবই উদ্বেগজনক।'



বাসিন্দা রাজা বন্দ্যোপাধ্যায় ঘটনার নিন্দা জানিয়ে বলেন, 'এটা অসভ্যতা ছাড়া আর কিছু নয়। ওয়ার্ড কমিটিকে বলব, অবিলম্বে গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে সিসিটিভি ক্যামেরা বসানোর ব্যবস্থা করতে।' ওয়ার্ড কমিটির তরফে জানানো হয়েছে, তারা ইতিমধ্যেই এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কড়া নজরদারির ব্যবস্থা নিতে চলেছে। পাশাপাশি, যাঁরা ফ্লেক্স ও পোস্টার ছেঁড়ার কাজ করছেন, তাঁদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার কথা ভাবা হচ্ছে।

#### জলপাইগুড়ি

## মনসাগলির দুরবস্থায় ক্ষোভ বাসিন্দাদের

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** জলপাইগুড়ি পুরসভার ১১ নম্বর ওয়ার্ডে অশোকনগর মনসাগলির দুরবস্থা নিয়ে এলাকাবাসীর ক্ষোভ দীর্ঘদিনের। রাস্তায় শেষ কবে পিচের প্রলেপ পড়েছিল, অনেকেই মনে করতে পারেন না। এলাকার প্রায় সব রাস্তাই বৃষ্টি হলে নিকাশিনালার জল উপচে থইথই করে। এতে উঠে যায় পিচের প্রলেপ। এলাকাবাসী বাবলু ঘোষ বলেন, 'জানি না, কবে এই রাস্তা মেরামত হবে। তবে আমাদের দাবি, শুধু মেরামত করলেই হবে না, রাস্তা উঁচু করতে হবে। তা না হলে ফের বৃষ্টিতে জল জমে সমস্ত পিচ উঠে যাবে। ড্রেন আর রাস্তার উচ্চতা এখানে প্রায় সমান।'

১১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মানসী বিশ্বাস রায় বলেন, 'আমাদের পাড়া, আমাদের সমাধান ক্যাম্পে বেশ কিছু রাস্তার সমস্যার কথা তুলে ধরেছেন এলাকাবাসী। দ্রুত সংস্কার করা হবে।'

*তথ্য ও ছবি : সুশান্ত ঘোষ এবং অনসূয়া চৌধুরী*

## পথকুকুরকে টিকা

**মালবাজার, ১২ সেপ্টেম্বর :** ২৮ সেপ্টেম্বর বিশ্ব র‍্যাবিজ দিবস। তাই জলপাইগুড়ির একটি বেসরকারি সংস্থা জেলার পথকুকুরদের র‍্যাবিজ প্রতিরোধী ভ্যাকসিন দেওয়ার উদ্যোগ নিয়েছে। কর্মসূচির নাম 'মিশন র‍্যাবিজ'।

শুক্রবার মাল শহরের ডাকবাংলো থেকে পম্পা হল পর্যন্ত এলাকায় ৩০টি পথকুকুরকে ভ্যাকসিন দেওয়া হয়। সংস্থার পক্ষে শ্যামাপ্রসাদ পান্ডে বলেন, 'আমরা ইতিমধ্যে জলপাইগুড়ি শহরে প্রায় দু'হাজার কুকুরকে ভ্যাকসিন দিয়েছি। মাল শহরে এই প্রক্রিয়া শুরু হয়েছে। আমাদের লক্ষ্য চলতি মাসের মধ্যে মোট পাঁচ হাজার পথকুকুরকে টিকা দেওয়া।' স্থানীয় বাসিন্দা রাকেশ বসু বলেন, 'এই সংস্থার প্রচেষ্টাকে কুর্নিশ জানাই। এই উদ্যোগের ফলে মানুষের মধ্যে র‍্যাবিজ সম্পর্কে সচেতনতা বাড়ছে।'

## ছাত্রীর মৃত্যুতে প্রতিবাদ

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের ছাত্রীর মৃত্যুর ঘটনায় শুক্রবার আনন্দ চন্দ্র কলেজের তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা শ্রদ্ধা জানান। বিশ্ববিদ্যালয়ে মৃত্যুমিছিল বন্ধ করার দাবি জানিয়ে এদিন তাঁরা কালো ব্যাজ পরে প্রতিবাদ জানান। টিএমসিপি-র আনন্দ চন্দ্র কলেজের ইউনিট ইনচার্জ অনিকেত প্রসাদ বলেন, 'আগেও যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়ুয়াদের অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে। সেই সময় টিএমসিপি ক্যাম্পাসে সিসিটিভি লাগানোর দাবি জানায়েছিল। তখন এসএফআই বিরোধিতা করেছিল।'

## সম্মেলন

**জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর :** অল ইন্ডিয়া বিএসএনএল ডিউটি পেনশনার্স অ্যাসোসিয়েশনের ষষ্ঠ দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হল সোমবার টেলিকম এক্সচেঞ্জের টেলিকম রিক্রিয়েশন ক্লাবে। সম্মেলনের উদ্বোধন করেন সার্কেল সম্পাদক আশিস দাস। সম্মেলনের অধিবেশনে বক্তব্য রাখেন যুক্ত মঞ্চের যুগ্ম আহ্বায়ক উত্তম সরকার, কেন্দ্রীয় সরকারি পেনশনার্স অ্যাসোসিয়েশনের জেলা সম্পাদক প্রণব ভট্টাচার্য সহ অন্যরা।

# দুর্গা আসেন চতুর্থীতেই

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ১২ সেপ্টেম্বর :** মালবাজার শহরের বাটাইগোল বাজার সংলগ্ন রাধাগোবিন্দ মন্দিরে রাধাকৃষ্ণ ছাড়াও দেবীপক্ষে দুর্গার আরাধনা হয়। সর্বজনীন পুজো হলেও অন্যান্য ক্লাবের পুজোর থেকে বেশ আলাদা এই পুজো। যেখানে শহরের অধিকাংশ ক্লাবে প্রতিমা আনা হয় পঞ্চমী বা ষষ্ঠীতে, সেখানে রাধাগোবিন্দ মন্দিরে সপরিবারে দেবী আসেন চতুর্থীর দিন। পঞ্চমী থেকেই শুরু হয় দেবীর পুজো। পঞ্চমীতে হয় দেবীর অধিবাস ও কল্পারম্ভ। ষষ্ঠীতে হয় বোধন।

রাধাগোবিন্দ সর্বজনীন দুর্গাপুজো কমিটির ২১তম বর্ষে পুজোর থিম শিব ঠাকুরের দেশে। এই থিমের উদ্ভাবক পুজো কমিটির সদস্যা বিপাশা মিত্র। তাদের বাজেট ২ লক্ষ ৬৫ হাজার টাকা। দুর্গা প্রতিমায় থাকবে সাবেকিয়ানার ছোঁয়া। প্রতিমা তৈরি করছেন মালবাজারের শিল্পী লক্ষ্মণ পাল। আলোকসজ্জার কাজ করবেন ময়নাগুড়ির শিল্পীরা। পুজোর তিনদিন বিভিন্ন খেলা ও প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। তবে স্থানীয় তরুণী অঙ্কিতা চন্দ জানান, থিমের পাশাপাশি পুজোর নিয়মনিষ্ঠাকে গুরুত্ব দেওয়া হয় রাধাগোবিন্দ মন্দিরে। পুজো কমিটির সভাপতি শংকরী পালের কথায়, শহরের অন্যতম কম বাজেটের সেরা থিমের পুজো হয় এখানে। অষ্টমীতে হয় ভোগ প্রসাদ বিতরণ। পুজোর চারদিন বিনামূল্যে আইনি পরিষেবা দেওয়া হয় এখানে বলে জানান সম্পাদক দীপঙ্কর সরকার। কমিটির সদস্যা দেবশ্রী রায়ের কথায়, 'পুজোয় ঘুরতে এসে অনেকেই তাঁদের সমস্যার কথা আমাদের জানান। সেইসব বিবরণ নিয়ে পরে তাঁদের সঙ্গে যোগাযোগ করা হয়।' বিনামূল্যে আইনি পরিষেবার এই চিন্তাভাবনাকে সাধুবাদ জানিয়েছেন মালবাজারের আইনজীবী অর্ক সরকার।





*রাধাগোবিন্দ মন্দিরের বাইরে চলছে প্যান্ডেলের কাজ।*

এল এল পুজো এল

# দক্ষিণায়ন ক্লাবে হোয়াইট প্যালেস

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ১২ সেপ্টেম্বর :** ভৌগোলিক নিয়মে আফ্রিকা মহাদেশের অংশ। তবু ভারত মহাসাগরের বুকে জেগে থাকা দ্বীপরাষ্ট্র মরিশাসের সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক যতটা মজবুত, ততটাই পুরোনো। বিহার এবং এদেশের অনেক রাজ্যের সঙ্গে সেই দেশের মানুষের নাড়ির টান। সেই টানেই এবার ধূপগুড়ির দক্ষিণায়ন ক্লাবের পুজোয় থাকছে মরিশাসের ছোঁয়া।

এই বছর ক্লাবের ৫৭তম দুর্গাপুজোর আকর্ষণের কেন্দ্রে রয়েছে মরিশাসের হোয়াইট প্যালেসের আদলের সেজে ওঠা মণ্ডপ। রথযাত্রার দিন থেকে শিল্পী বিশ্বজিৎ সাহার তত্ত্বাবধানে চলেছে প্রস্তুতি। নির্মাণশিল্পীদের একাংশ যখন ব্যস্ত ক্লাব ময়দানে ৯০ ফুট উঁচু এবং ৮০ ফুট চওড়া মণ্ডপ নির্মাণে তখন ক্লাবের অন্দরে গত ২ মাস ধরে চলছে মণ্ডপসজ্জার কাজের পরিকল্পনা। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা দক্ষ শিল্পীরা লোকচক্ষুর আড়ালে বাঁশ, কাগজ এবং ডালপালা দিয়ে হোয়াইট প্যালেসকে জীবন্ত করে তোলার কাজ করছেন। মণ্ডপ ভাবনা সম্পর্কে বিশ্বজিৎ বলেন, ১ বছর আগে ক্লাবকর্তারা মণ্ডপসজ্জা চূড়ান্ত করেন। এরপর মডেল বানিয়ে প্রস্তুতি শুরু করি আমরা। মণ্ডপ সাদা রঙের হওয়ায় কারুকাজ ফুটিয়ে তোলা বেশ চ্যালেঞ্জের বিষয়। পরিশ্রমে সকলের মনে দাগ কাটার মতো কাজ হতে চলেছে এবারে। মণ্ডপের বাইরে এবং ভেতরের ফিনিশিংয়ের কাজ চলছে। দুধসাদা মণ্ডপের শোভা বাড়াতে বনেদি সাজের বিশাল দেবীপ্রতিমা গড়ছেন উত্তরের স্বনামধন্য মৃৎশিল্পী দয়াল পাল। সেই কাজও শেষ হওয়ার পথে। পুজোর অনেক আগেই প্রতিমা মণ্ডপে চলে আসবে। আভিজাত্যের সঙ্গে মানানসই সাজে এবারে দেবীমূর্তি থাকবে দক্ষিণায়নে। পুজোর দিনগুলিতে আনন্দমেলার আয়োজন চলছে। তৃতীয়ায় খুলে দেওয়া হবে আয়োজন। তার আগে দিনরাত কাজ চলছে দক্ষিণায়নে।

আটখানি সুসজ্জিত গেট, একাধিক তোরণে সেজে উঠছে মণ্ডপ সংলগ্ন বিডিও রোডের বিশাল অংশ। পুজোর সন্ধ্যায় হবে অনুষ্ঠান।

ক্লাবের পুজো কমিটির সম্পাদক সুবোধ দাস বলেন, 'ধূপগুড়ি এবং জেলায় দক্ষিণায়ন ক্লাবের যে সুনাম রয়েছে তা বজায় রাখতে সারাবছর ভাবনায় থাকেন সদস্যরা। বছরভর পরিশ্রমের মাধ্যমে যে আয়োজন তা সকলকে আনন্দ দেবে বলে আমাদের বিশ্বাস।'



*দক্ষিণায়ন ক্লাব ময়দানে হোয়াইট প্যালেসের নির্মাণকাজ চলছে।*




*দর্পণ নাট্য সংস্থার নাটক সমান্তরাল-এর একটি দৃশ্য।*

# আয়নায় সমাজদর্শন

ব্যর্থ প্রেমের বিয়োগান্ত পরিণতি থেকে এক অদ্ভুত সম্পর্কের সূত্রপাত। শিলিগুড়ির দর্পণ নাট্য সংস্থার ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত নাট্য উৎসবে দর্শকরা এমন অনেক কিছুই প্রত্যক্ষ করলেন। সাক্ষী ছিলেন ছন্দা দে মাহাতো

শিলিগুড়ির দর্পণ নাট্য সংস্থা তাদের ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে সম্প্রতি দীনবন্ধু মঞ্চে দু'দিনের নাট্য উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছিল। সুবীরকুমার চৌধুরী ও অনীতা সাহার স্মরণে প্রথম দিনের অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন গার্গী বসুর পরিচালনায় সুরঙ্গনা সংগীত মহাবিদ্যালয়ের ছাত্রীরা। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলার অভয়া বসু ও রানা দে সরকার।

প্রথম দিনের অনুষ্ঠানে শহিদুল হক খোকনের কাহিনী নিয়ে পূর্ণাঙ্গ নাটক ছিল 'সমান্তরাল'। বিষয় ব্যর্থ প্রেমের বিয়োগান্ত পরিণতি। জমিদার তাঁর মেয়ের সঙ্গে কলেজের সহপাঠী মাতৃ-পিতৃহীন এক ছেলের প্রেম মেনে নিতে পারেননি। তাই কৌশল করে এই প্রেম ভেঙে দেওয়া হয়। ২৫ বছর পর আবার দুজনের দেখা হয় এক স্টেশনে। ছেলেটি সেই স্টেশনের স্টেশনমাস্টার। কথা বলে তাঁরা দুজনেই বুঝতে পারেন এখনও দুজনে দুজনকে ভালোবাসেন। তাই কেউ বিয়ে করেননি। প্রেমিকা আবার একসঙ্গে চলার আহ্বান জানান। প্রেমিক আর সেই হাতছানিতে সাড়া দিতে পারেন না। ট্রেন আসে। প্রেমিকা মনে ব্যথা নিয়ে চলে যান নিজের গন্তব্যে।

কোনও গভীর ভাবনা বা তত্ত্বকথা নেই। সোজাসাপটা গল্প সরাসরি দর্শকের কাছে সফলভাবেই পৌঁছে দিয়েছেন দর্পণের শিল্পীরা। নাটকের রচনা ও পরিচালনায় ছিলেন কমলেশ রায়। তিনি ছাড়াও এ নাটকে অন্য কুশীলবদের মধ্যে ছিলেন অলকা চক্রবর্তী, পৃথ্বীজিৎ রায়, মৌপ্রিয়া বড়ুয়া, উদয়শংকর ভট্টাচার্য, প্রণব বড়ুয়া, অরুণাংশু দেওয়ানজি, দেবী সরকার, শুভশ্রী বড়ুয়া, শম্পা ঘোষ ও শ্রেয়স ঘটক। এদিন মঞ্চে সমগ্র অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন অতনু চৌধুরী।

দ্বিতীয় দিনের অনুষ্ঠানে ছিল দুটি নাটক এবং একটি শ্রুতিনাটক। দ্বিতীয় দিনের অনুষ্ঠান শুরু হয় বর্ণালি বিশ্বাসের উদ্বোধনী নৃত্য দিয়ে। তাঁর অন্তরঙ্গ পরিবেশনায় নজর কাড়েন বর্ণালি। এদিনের প্রথম নাটক ছিল 'ভদ্দর লোকের মা'। কাহিনী বনানী মুখোপাধ্যায়ের। সামগ্রিক পরিকল্পনা আর একক অভিনয়ে ছিলেন অলকা চক্রবর্তী। পরিচালনায় পৃথা সেন। এককথায় হৃদয় ছুঁয়ে যাওয়ার মতো অভিনয়। এই নাটকে মাঝবয়সি কাজের মাসি গোলাপি বালার চরিত্রকে মঞ্চে আঙ্গিক ও বাচিক অভিনয় দিয়ে পরতে পরতে মেলে ধরেছেন তিনি। গোলাপি বালা সন্তানের জন্ম দিতে পারেননি বলে শ্বশুরবাড়ি থেকে বিতাড়িত হন। ভাগ্য তাঁকে কাজের মাসি করে এনে তোলে কলকাতার এক বাবুর ফ্ল্যাটে। সেখানে থাকেন এক ভালো মনের দাদাবাবু। গোলাপি এই বাড়ি এবং দাদাবাবুকে নিজের মানুষ হিসেবেই দেখেন। দাদাবাবুও গোলাপির শাসন কখনো-কখনো হাসিমুখেই মেনে নেন। সেই দাদাবাবু দুর্ঘটনায় পড়ে নার্সিংহোমে গোলাপিকে মা বলে পরিচয় দেন। নতুন পরিচয়ে গোলাপি দাসী থেকে দেবী হয়ে ওঠেন। সবচেয়ে বড় কথা তিনি এখন ভদ্রলোকের মা।


সমবেত উপস্থাপন।। *শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে 'ন হন্যতে'-র প্রযোজনা শ্রুতিনাটক 'খেলা ভাঙ্গার খেলা'।*

পরের শ্রুতিনাটক ছিল 'ন হন্যতে'-র প্রযোজনা 'খেলা ভাঙ্গার খেলা'। নাটক চন্দন সেনের। শিশু মনস্তত্ত্ব নিয়ে এই নাটকের অভিনয়ে ছিলেন অলকা চক্রবর্তী, সঞ্জীব ঘোষ, হৈমন্তী মজুমদার ও নন্দিতা সিনহা। এই নাটকের অন্তর্নিহিত বার্তাও শিল্পীরা দর্শকদের কাছে ভালোভাবেই আমাদের স্বরাভিনয়ের মাধ্যমে পৌঁছে দিতে পেরেছেন।

এদিনের সবচেয়ে নজরকাড়া নাটক ছিল কিরণ মৈত্রের 'যা তারা পারেনি'। সহায়সম্বলহীন ফুটপাথের ভিখারির গায়ে চকচকে নতুন রঙিন কম্বল কেন? এই প্রশ্ন ভাবিয়ে তুলেছে চোর বিশ্বনাথকে। এমন আশ্চর্য কাণ্ডে সে অবাক। তারপর এই কম্বল হাতানোর নানা ফন্দি করে সে। সব চেষ্টাই বিফল হলে ভয় দেখায়। শেষে ঘটনা পরম্পরায় এক মানবিক বোধ তাকে অন্য এক মানুষে উন্নীত করে। কমলেশ রায় ও প্রণব বড়ুয়ার অসাধারণ অভিনয়ে এই নাটক অন্য মাত্রা পেয়েছে। কমলেশ এই নাটকেরও নির্দেশনায় ছিলেন।

দর্পণের সদস্যরা ছাড়াও দু'দিন ধরে অনুষ্ঠানের নেপথ্য সহযোগিতায় ছিলেন রূপসজ্জায় শক্তিপ্রসাদ আইচ ও আলোয় শংকর চক্রবর্তী। দ্বিতীয় দিনের অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন কাঞ্চন ঘোষ। সব মিলিয়ে দু'দিনের অনুষ্ঠানে দর্পণ নাট্য সংস্থা এবার সমাজের সামনে যেন আয়না তুলে ধরল।


*সূর্য সেন পার্কে প্লাস্টিক বর্জনের ডাক দিয়ে সায়ন্তন পালের নাটকে শিল্পীরা।*

## চায়ের সঙ্গে চাই

পরিবেশ নিয়ে গভীর ভাবনা ভাবছেন নবীনরাও। তাই মজার ছলে পরিবেশ নিয়ে সময়োপযোগী বার্তা দিতে 'চায়ের সঙ্গে চাই' নামে একটি নাটক লিখেছেন উত্তালের নবীন প্রজন্মের নাট্যকর্মী সায়ন্তন পাল। এবারের বিশ্ব পরিবেশ দিবসের মূল থিম ছিল 'বিট প্লাস্টিক পলিউশন'। আর স্লোগান ছিল 'এন্ড প্লাস্টিক পলিউশন'। এই বিষয়কে উপজীব্য করেই প্লাস্টিক ব্যবহারের ভয়ংকর বিপদ সম্পর্কে শিলিগুড়ির মানুষকে সচেতন করতে উত্তালের নাটক 'চায়ের সঙ্গে চাই'। সম্প্রতি শহরের দুই প্রান্তে নাটকটি প্রযোজিত হয়েছে। শহরের উত্তর প্রান্তে প্রথম প্রযোজনাটি হয় মহানন্দার তীরে শিলিগুড়ি পুরনিগমের 'চেতনায় নদী ও প্রকৃতি' উৎসবে। সূর্য সেন পার্কে তিনদিনের এই উৎসবে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে অন্যতম আকর্ষণ ছিল এই নাটক। অত্যন্ত মুনশিয়ানার সঙ্গে মজাদার ও রসগ্রাহী করে চারটি চরিত্রের অভিনেতা-অভিনেত্রী এই নাটকের বার্তা দর্শকদের কাছে পৌঁছে দিয়েছেন। অভিনয়ে ছিলেন শ্রেয়া দত্ত, দুর্গাশ্রী মিত্র, শুভম চক্রবর্তী এবং শ্যাম ভট্টাচার্য। আবহ প্রক্ষেপণে ছিলেন সুরজিৎ দাস। পরে শহরের দক্ষিণ প্রান্তে দেশবন্ধুপাড়ায় 'নৃত্যমঞ্জিল' ও 'আমরা অপরাজিতা'-র আয়োজনে মাসিক সাংস্কৃতিক অনুষ্ঠানেও নাটকটির প্রযোজনা হয় এবং সচেতন মানুষের দৃষ্টি আকর্ষণ করে।

*- ছন্দা দে মাহাতো*

## জমজমাট পঞ্চম

নৃত্যমঞ্জিল ও আমরা অপরাজিতার আয়োজনে 'কৃষ্টি কল্প' আঙিনায় পঞ্চম মাসের সাংস্কৃতিক অনুষ্ঠান সবাইকে মাতিয়ে দিল। সত্যজিৎ মুখোপাধ্যায়ের পরিচালনায় আমরা অপরাজিতার শিল্পীদের দুটি অসাধারণ দেশাত্মবোধক গানের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। যন্ত্রানুষঙ্গে ছিলেন জয়ন্ত বসাক। আগমনী গান পরিবেশন করেন শিল্পী সারদা গুহ দেব। নৃত্যশ্রী ডান্স অ্যাকাডেমি ও পাইওনিয়ার-এর শিশুশিল্পীরা নৃত্যের তালে তালে মাতিয়ে তোলে উপস্থিত দর্শকদের। পরিচালনায় ছিলেন অপর্ণা পাল ও চন্দ্রিমা ঘোষ। জুঁই ভট্টাচার্যর প্রশিক্ষণে অসাধারণ সমবেত আবৃত্তি সংগীত সহযোগে পরিবেশন করে ছন্দবাণীর শিল্পীরা। 'ন হন্যতে'-র শিল্পীরা শ্রুতিনাটক 'অন্য মায়ের গল্প' পরিবেশন করে অনুষ্ঠানকে সমৃদ্ধ করেন। তাতে ছিলেন নন্দিতা সিনহা ঘোষ, জুঁই ভট্টাচার্য এবং বর্ণালি বিশ্বাস। সবশেষে অণুনাটক 'গুরুদেব' মঞ্চস্থ করে নান্দনিক নাট্য সংস্থা। নির্দেশনায় ছিলেন সাত্যকি চক্রবর্তী।

পরপর অনুষ্ঠানের ডালি সাজিয়ে দেন শ্রাবণী চক্রবর্তী। অংশগ্রহণকারী প্রতিটি দলকে উত্তরীয়, পুষ্পস্তবক ও গাছ দিয়ে সংবর্ধিত করা হয়। সঞ্চালনায় ছিলেন জুঁই ভট্টাচার্য।

*–নিজস্ব প্রতিবেদন*

## মূকাভিনয়ে মাত

জলপাইগুড়ি সৃষ্টি মাইম থিয়েটারের উদ্যোগে কিছুদিন আগে আয়োজিত হল 'জাতীয় মূকাভিনয় উৎসব'। এই উপলক্ষ্যে জলপাইগুড়ির রবীন্দ্র ভবনে প্রচুর দর্শকের সমাগম হয়েছিল। মূকাভিনয় ও মূকনাট্য পরিবেশনের পাশাপাশি ছিল মূকাভিনয় বিষয়ে চিত্রকলা প্রদর্শনী, কর্মশালা, আলোচনা সভা। অনুষ্ঠানের শুরুর দিন ছিল আলপনা প্রতিযোগিতা। মূকাভিনয় প্রদর্শনীর উদ্বোধন করেন বিশিষ্ট শিল্পী নির্মল চন্দ। প্রদর্শনীতে শামিল হন উইঙ্গস আর্টিস্টস গ্রুপের ১৩ জন শিল্পী। দ্বিতীয় দিন জাতীয় মূকাভিনয় উৎসবের সূচনা করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূকাভিনেতা, নাট্যশিক্ষক পদ্মশ্রী নিরঞ্জন গোস্বামী ও অন্যরা। জলপাইগুড়ি সৃষ্টি মাইম থিয়েটারের 'আনন্দের পাঠশালা' বিভাগের খুদে শিল্পীরা পরিবেশন করে সুকুমার রায়ের কাহিনী অবলম্বনে মূকনাট্য 'পাগলা দাশু'। মূকাভিনয় পরিবেশন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূকাভিনেতা শুভেন্দু মুখোপাধ্যায়। মহারাষ্ট্র থেকে আগত মূকাভিনেতা কুশীল মটলিঙ মঞ্চ মাতান তাঁর মূকাভিনয়ে। এর পাশাপাশি ছিল যোগনৃত্য পরিবেশনও। মূকনাট্য 'ওলট পালট' পরিবেশন করে দর্শকদের মন জয় করে নেন অসমের মূকাভিনেতা প্রণবজ্যোতি হিরু।



*জলপাইগুড়ির রবীন্দ্র ভবনে জাতীয় মূকাভিনয় উৎসবের একটি মুহূর্ত।*

উৎসবের শেষদিন 'সফদর হাসমি ও তাঁর থিয়েটার' বিষয়ে আলোচনা করেন দিল্লি জননাট্য মঞ্চের প্রতিষ্ঠাতা সদস্য রথীন দাস। পঙ্কজ রায়ের নির্দেশনায় মূকাভিনয় পরিবেশন করে জলপাইগুড়ির প্রয়াত মূকাভিনেতা রতন সরকার প্রতিষ্ঠিত জলপাইগুড়ি মূক মঞ্চ। পরে মূকাভিনয় পরিবেশন করেন মহারাষ্ট্রের মূকাভিনেতা সংকেত খেদকার। সাদাত হাসান মান্টো-র কাহিনী অবলম্বনে সব্যসাচী দত্তর নির্দেশনায় উদ্যোক্তা সংস্থার নবতম মূকনাট্য 'কালবেলা' পরিবেশিত হয়। প্রচুর প্রশংসা কুড়োয়। শেষে আলপনা প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার প্রদানের পাশাপাশি ও চিত্রশিল্পীদের সম্মাননা জ্ঞাপন করা হয়।

*–অনসূয়া চৌধুরী*

## কবিপ্রণাম



জলপাইগুড়ি মুক্তাঙ্গন নাট্যগোষ্ঠীর আয়োজনে নাচে-গানে নাটকে কবিতায় পালিত হল কবিপ্রণাম। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন সংস্থার সদস্য অর্পিতা চক্রবর্তী। মুক্তাঙ্গন নাট্যগোষ্ঠীর শিশু-কিশোর বিভাগ ও অভিভাবকদের পরিবেশনায় ছিল- ঋতুরঙ্গ। শিশুদের নাট্যচর্চায় নিয়ে আসার ফাঁকে একদিন যে নিজেদেরও কোনওদিন মঞ্চে উঠতে হতে পারে তা কোনওদিন ভাবেননি তাপসী সরকার, টুম্পা মালাকার, কল্যাণী ধর, দীপা দত্তের মতো অভিভাবকরা। শ্রেয়া পাল, অনুষ্কা মালাকার, প্রিয়াংকা সাহা, পল্লবী দাস, রুপা খাতুনদের নাচের সঙ্গে ভাষ্যে ছিলেন তাদের অভিভাবকরা। আবৃত্তি কোলাজ পরিবেশন করেন সংস্থার সদস্য সুমন্ত রায়, গৌরব চক্রবর্তী, রুশিকা মণ্ডল, ইয়ান ধর, রীতিকা দত্ত, সস্মিত ঘোষ প্রমুখ। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বদনাম নাটক অবলম্বনে 'সৌদামিনীর কথা' পরিবেশন করেন নির্দেশক তথা অভিনেত্রী রিনা ভারতী। সমবেত সংগীত পরিবেশন করে সৃজা সংগীত গোষ্ঠী। আবৃত্তি কোলাজে ছিল কথাঘর (বাচনিক সংস্থা)-এর শিল্পীদের পরিবেশনা। নৃত্য পরিবেশন করেন সৃজনী, নৃত্যমালঞ্চ ও নৃত্য দর্পণের শিল্পীরা। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মৌসুমি কুণ্ডু।

*–নিজস্ব প্রতিবেদন*

## ৭ পুরস্কার

কলকাতার অনীক নাট্য সংস্থা হলদিবাড়ি কোলাজের সহযোগিতায় এবারে তাদের ২১তম আন্তঃবিদ্যালয় বাংলা নাটক প্রতিযোগিতার আয়োজন করেছিল হলদিবাড়িতে। কিছুদিন আগে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় কোচবিহারের দুটি বিদ্যালয় পেল অভাবনীয় সাফল্য। কোচবিহারের সদর গভর্নমেন্ট হাইস্কুল অর্ণব মুখোপাধ্যায় রচিত ও নির্দেশিত নাটক 'এই আদি এই অনন্ত' মঞ্চায়ন করে অধিকার করেছে সাতটি পুরস্কার। শ্রেষ্ঠ প্রযোজনার পাশাপাশি শ্রেষ্ঠ পরিচালক ও নাট্যকারের পুরস্কার পেয়েছেন অর্ণব মুখোপাধ্যায়। এছাড়া প্রথম চারটি অভিনেতার পুরস্কার পেয়েছে যথাক্রমে কুণাল রায়, অনীক দে, সাগর দাস এবং কৃষ্ণচন্দ্র রায়। কোচবিহারের নীলকুঠি সিস্টার নিবেদিতা গার্লস হাইস্কুল দ্বিতীয় প্রযোজনার পুরস্কার পেয়েছে তাদের নাটক 'দ্রৌপদী' মঞ্চায়নের মাধ্যমে। তারা পেয়েছে আরও পাঁচটি পুরস্কার। দ্বিতীয় শ্রেষ্ঠ নাট্যকার ও নির্দেশকের পুরস্কার পেয়েছেন মাধুরী বরগাঁও। প্রথম, তৃতীয় ও চতুর্থ শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার দখলে রেখেছে যথাক্রমে বিজয়েতা মহন্ত, পম্পি বর্মন ও দীপিকা পাল। সদর গভর্নমেন্টের নাটকে যেমন অস্পৃশ্যতাকে সামাজিক ব্যাধি হিসেবে তুলে ধরা হয়েছে, তেমনি সিস্টার নিবেদিতার নাটক সমাজের অবহেলিত শ্রেণির নিজস্ব অধিকার ছিনিয়ে নেওয়ার কথা শুনিয়েছে।

*–নীলাদ্রি বিশ্বাস*

## পত্রিকা প্রকাশ


আলিপুরদুয়ার প্রবীণ নাগরিক সংস্থার উদ্যোগে সংস্থার বার্ষিক পত্রিকা 'সায়াহ্নে'-এর উন্মোচন হল মায়া টকিজ রোড এলাকায়। পত্রিকার এই সংখ্যায় সংস্থার সদস্যরাই লিখেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে মহকুমা শাসক দেবব্রত রায়, দেবকুমার মুখোপাধ্যায়ের মতো বিশিষ্টরা উপস্থিত ছিলেন। সংস্থার চারজন বরিষ্ঠ সদস্যকে সংর্ধনা দেওয়া হয়। অন্যদিকে, এসএফআইয়ের ফালাকাটা ৩ নম্বর লোকাল কমিটির উদ্যোগে সম্প্রতি সৃজনী পত্রিকার তৃতীয় বর্ষ সংখ্যা প্রকাশিত হল। শিক্ষক রাধাগোবিন্দ মোদক এটি প্রকাশ করেন। পত্রিকা প্রকাশ ছাড়াও জটেশ্বর চৌপথি প্রাঙ্গণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। পত্রিকার এই সংখ্যা প্রকাশের দায়িত্বে ছিলেন এসএফআই ফালাকাটা ৩ নম্বর লোকাল কমিটির সভাপতি অনির্বাণ ভৌমিক ও সম্পাদক স্নেহাশিস বণিক।

*–আয়ুষ্মান চক্রবর্তী ও শান্ত বর্মন*

## শারদ সংখ্যা

সম্প্রতি বর্ণমালা পত্রিকার উদ্যোগে দিনহাটার ভেটাগুড়ির চৌপথি উচ্চবিদ্যালয়ে এক বর্ণময় অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রকাশিত হল 'শারদীয় বর্ণমালা'-র ১৪৩২ সংখ্যা। উপস্থিত ছিলেন বিশিষ্ট লোকসাহিত্যিক রমণীমোহন বর্মা, কবি উত্তম চৌধুরী, কবি অজিতকুমার দত্ত, ছড়াকার উপেন রায়, বিশিষ্ট ক্রীড়াব্যক্তিত্ব ও নাট্যকার শ্যামলকৃষ্ণ বর্মন প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন পত্রিকার সম্পাদক সমীর পাল। সাহিত্য ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সাহিত্যিক সুনীল সাহাকে পুরস্কৃত করা হয়। কবিতার জগতে বিশেষ অবদানের জন্য কবি সঞ্জয় সোম ও মানিক সাহা পুরস্কৃত হন। স্বরচিত কবিতা পাঠে অংশগ্রহণ করেন সঞ্জয় সোম, মানিক সাহা, শ্যামলেন্দু চক্রবর্তী, বিদ্যুৎকুমার পাল, অমল দাস, তপন বসাক, শৈলেন দাস, শম্পা দত্ত দে, বৈদ্যনাথ দত্ত, রবীন্দ্র মণ্ডল, রাকেশ বর্মন প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন অভিজিৎ দাশ।

*–নিজস্ব প্রতিবেদন*




## অণুনাটকে পুজোর আমেজ

অণুনাটকের আয়োজনে আলিপুরদুয়ারের পলাশবাড়িতে আগেভাগেই পুজোর আমেজ হাজির।

তমোজিৎ রায় রচিত ও নির্দেশিত কোচবিহার ব্রাত্যসেনা নাট্য সংস্থা পরিবেশন করে 'সঞ্জয় উবাচ'। মহাভারতের কাহিনী অবলম্বনে দেশের প্রথম সাংবাদিক সঞ্জয়ের চরিত্র এখানে তুলে ধরা হয়। অন্ধ ধৃতরাষ্ট্র ও গান্ধারীর কাছে কুরুক্ষেত্রের যুদ্ধের বিস্তারিত তথ্য বর্ণনা করেছিলেন সঞ্জয়। তাঁকেই ভারতের প্রথম সাংবাদিক বলা হয়। ৩০ মিনিটের নাটকে অতীত ও বর্তমানের সাংবাদিকের চরিত্র তুলে ধরা হয়। আয়োজক পলাশবাড়ি ভাবনা নাট্যম পরিবেশন করে 'লড়াই' নাটক। রতনকুমার চৌধুরী নির্দেশিত এই নাটকে তিনজন মহিলা ট্রেনযাত্রীকে তুলে ধরা হয়। ঘরে-বাইরে মেয়েরা আজ সুরক্ষিত নয়। কোথাও সংসারের অভাব দূর করতে স্ত্রীকে ব্যভিচারী বানানো হচ্ছে। আবার কোথাও পুরুষ বহু নারীর সঙ্গে সম্পর্ক করে নিজের স্ত্রীর উপর শারীরিক ও মানসিক নির্যাতন চালাচ্ছে। তিনটি চরিত্রের মাধ্যমে নারীদের লড়াইয়ের কাহিনী ২২ মিনিটে ফুটিয়ে তোলা হয়।


*পলাশবাড়িতে আয়োজিত অণুনাটক উৎসবের একটি মুহূর্ত।*

আলিপুরদুয়ার সমকণ্ঠী নাট্যগোষ্ঠী প্রযোজিত নাটক ছিল 'কাঁথা'। সিন্টু দত্ত নির্দেশিত ২৫ মিনিটের এই নাটকে মা-বাবার সঙ্গে সন্তানের সম্পর্কের কথা তুলে ধরা হয়। কলকাতার দমদমের স্বপ্নিল নাট্য সংস্থা ৫৩ মিনিটের 'ভ্রূণ' নাটক পরিবেশন করে। উদয় রাও নির্দেশিত এই নাটকে ভ্রূণহত্যাকে কেন্দ্র করে। ভ্যানরিকশাচালকের স্ত্রী যাত্রাদলের অভিনেত্রী। স্বামী চায় সন্তান। কিন্তু যাত্রায় অভিনয়ের সূত্রে স্ত্রী তাতে রাজি নন। তবু একসময় অন্তঃসত্ত্বা হন স্ত্রী। তখন যাত্রায় প্রধান নায়িকার অভিনয়ের টানে গর্ভপাত করিয়ে নেন তিনি। এদিকে, ভূমিষ্ঠ হওয়ার আগেই সন্তানটির সন্ধানে দিশেহারা পরিস্থিতি হয় রিকশাচালক স্বামীর। চার নাটকের মাধ্যমে অনেক কিছুই মিলেমিশে একাকার।

*–সুভাষ বর্মন*

*যাঁরা বইটই বিভাগে নিজেদের প্রকাশিত বই/পত্রিকার খবর দিতে চান, তাঁরা বই/পত্রিকা পাঠান এই ঠিকানায় : উত্তরবঙ্গ সংবাদ, সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি - ৭৩৪০০১।*

